# কাসীদাহ্ বুরদাহ্

মূলঃ ইমাম শারফুদ্দিন আবি আব্দুল্লাহ মোহাম্মদ আল-বুশ্‌রি

(বাংলা উচ্চারন সংকলন)

সিরাজ মুহাম্মদ হুমায়ন কবীর

# সংকলকের কথা

প্রিয় পাঠক,
আস্‌সালামু আলাইকুম!

যুগযুগ ধরে বিশ্বময় কাসীদাহ্‌ বুরদাহ্‌ পাঠ করে এর বরকতময় প্রভাবে অগুনিত মুসলমান উপকৃত হয়েছেন। বাংলা ভাষাভাষী মানুষেরা এর সম্পর্কে খুব্‌ কমই ওয়াকিবহাল। আর যারা এ সম্পর্কে অবগত তাদের অনেকে আরবী ভাষা না জানার/পড়তে পারার কারনে এর পাঠ থেকে অপারগ/নিরুৎসাহিত হয়ে থাকেন।তাদেরই সুবিধার জন্য আমার এই ক্ষুদ্র প্রচেষ্টা।

পাঠকদের কাছে নিবেদন, তারা এই অধমের এবং তার পরিবারবর্গের জন্য (এবং যারা এই কাজে সাহায্য করেছেন) মহান রবের কাছে প্রার্থনা করবেন এই বলে যে আল্লাহ যেন আমাদের তাঁর রাছুলের(সা:)খাদেম বানিয়ে দেন, সর্ব প্রকার রোগ থেকে সুস্থ্যতা দেন, দুনিয়া ও আখেরাতে তাঁর রহ্‌মতের নিচে আশ্রয় দান করেন।

সিরাজ মুহাম্মদ হুমায়ন কবীর
ডিসেম্বর, ২০১৫

**সাহায্য গ্রন্থঃ**

১।বাংলা অনুবাদ ও কাসীদাহ বুরদাহ পরিচিতিঃ
নেয়া হয়েছে মুহাম্মদ রুহুল আমীন খান রচিত – “ইমাম বুসীরি(রহঃ)এর কাসীদা-ই-বুরদা” গ্রন্থ থেকে(মদীনা পাবলিকেশন্স)।

২।আরবী মুলঃ
নেয়া হয়েছে Syed Mohiuddin Qadri রচিত Qasidat al-Burdah; The Poem Of The Mantle; থেকে গ্রন্থ থেকে।First edition 2008, Revision 1.

**Copyrights notes:**
The editor seeks no copyrights for this work as long as it's not used for any commercial gain. This work can be copied, shared in any form of media as long as this work is used in the propagation of the blessed 'Qashida Burdah' for the benefit of the humanity.

# কাসীদাহ্‌ বুরদাহ্‌ এর ফজিলত ও চর্চা

কাসীদাহ্‌ বুরদাহ্‌ এর ফজিলত অগণিত।বিভিন্ন বিখ্যাত ও সুপরিচিত বই পুস্তক এ এর বিবরণ পাওয়া যায়। Syed Mohiuddin Qadri রচিত Qasidat al-Burdah; The Poem Of The Mantle গ্রন্থে (পাতা ১১ এবং ১২) লেখক এর ফজিলতের কিছু বর্ণনা দিয়েছেন এখানে তার অনুবাদ তুলে ধরা হলঃ

১। সূদীর্ঘ জীবেনর জন্য ১০০১ বার পড়ুন !
২।কোন দুনিয়াবি সমস্যা থেকে মুক্তির জন্য ৭১ বার পড়তে হবে।
৩।খরা দূরীকরণ জন্য ৩০০ বার পড়তে হবে।
৪।ধন সম্পদ বৃদ্ধির জন্য ৭০০ বার পড়ুন।
৫।পুত্র সন্তান অর্জনের জন্য ১১৬ বার পড়ুন।
৬।কোন কঠিন কাজ সহজ করতে ৭৭১ পড়তে হবে।
৭।যে ব্যাক্তি প্রতিদিন নিজে পড়ে (বা কেউ পড়ে তার উপর দম দিলে)দম করবে সে সমস্ত দুঃখ দুর্দশা হতে সুরক্ষিত থাকবে।
৮।প্রতিদিন পড়ে সন্তানদের উপর দম করলে তারা দীর্ঘ জীবন লাভ করবে।
৯।প্রতি বৃহস্পতিবার রাত্রিতে ১৭ বার (সাত সপ্তাহ ধরে) পাঠ করলে ধার্মিক ও সম্পদশালী হবে।
১০।শোবার ঘরে কোন কাজ বা বিশেষ উদ্দেশে পাঠ করলে সে সম্পৃক্ত বিষয় সে স্বপ্নে আদিষ্ট হবে।
১১।পুরাতন কবরস্থানে ৪০ দিন যাবত প্রতিদিন ৪১ বার পাঠ করলে শত্রু বিনাশ হবে।
১২।প্রতিদিন একবার করে সাতদিন পর্যন্ত পড়ে গোলাপ জলে ফুঁ দিয়ে পাণ করলে মুখস্থ শক্তি অপরিশীম বৃদ্ধি পাবে।
১৩।কেউ দুঃখ ও বিপর্যয় এর সম্মোখীণ হলে ৩ দিন রোযা রেখে প্রতিদিন ২১ বার পড়তে হবে।
১৪।মূশক ও জাফরানে লীখে গলায় ঝুলিয়ে দিলে ৭০ ধরণের বিপদাপদ হতে রক্ষা পাবে।
১৫। যে বাড়ীতে প্রতিদিন ৩ বার পাঠ করা হবে, তারা কঠিন বিপর্যয় থেকে মুক্ত থাকবে। গুরুত্বপূর্ণ কর্ম সম্পাদনে বৃহস্পতিবার দিবাগত রাত্রিতে ২৬ বার পড়তে হবে এবং ২৬ টি জিনিষ সদকা করতে হবে।
১৬। যে বাড়ীতে কাসীদাহ্‌ বুরদাহ্‌ থাকবে তা চুরির হাত থেকে রক্ষা পাবে।
১৮। জীবত দশায় ৭০০০ বার পাঠ করলে ১০০ বছরের হায়াত পাবে।
১৯। গোলাপ জলে পাঠ করে পরিধেয় কাপড়ের উপরে ছিটিয়ে দিলে আল্লাহ্‌র সৃষ্টির কাছে সম্মানিত ও ভালোবাসার পাত্র হবে।
২০। যাত্রারত থাকাকালে প্রতিদিন একবার পাঠ করলে যাত্রা কালের কষ্ট হতে মুক্ত থাকবে।
২১।ঋণ মুক্ত হতে ১০০০ বার পাঠ করবে
২২। কোন লক্ষ্য পুরুণে বৃহস্পতিবার দিবাগত রাত্রিতে নিজে ৪১ বার অথবা কাউকে দিয়ে পড়াবে।
২৩। যে বাড়ীতে নিয়মিত কাসীদাহ্‌ বুরদাহ্‌ পঠিত হবে, সে বাড়ী সাতটি জিনিষ থেকে মুক্ত থাকবেঃ

(ক) দুষ্ট জিনের হাত থেকে
(খ) প্লেগ ও দুর্যোগ হতে
(গ) গুটি বসন্ত থেকে
(ঘ) চোখের রোগ হতে
(ঙ) বিপর্যয় হতে
(চ) মস্তিষ্ক বিকৃতি হতে
(ছ) হটাৎ মৃত্যু থেকে

২৪। যে বাড়ীতে নিয়মিত কাসীদাহ্ বুরদাহ্ পঠিত হবে, সে বাড়ীর বাসিন্দারা সাতটি আশীর্বাদ এর আওতায় থাকবেঃ

(ক) দীর্ঘ জীবন
(খ) অঢেল রুযী
(গ) সুস্বাস্থ্য
(ঘ) আল্লাহ্‌র সাহায্য
(ঙ) রাসুল আল্লাহর (সাঃ)নূর দর্শন
(চ) সম্পদ
(ছ) সুখ ও পরিতৃপ্তি

২৫। যাত্রা করার পূর্বে ৩ বার পাঠ করে ১০০০ বার দুরুদ পাঠ করলে রাসুল (সাঃ)কর্তৃক স্বপ্নে আদিষ্ট হবে যাত্রা লাভজনক হবে না ক্ষতি পূর্ণ হবে।

২৬। কোন নিখোঁজ যাত্রীর খবর পেতে, বৃহস্পতিবার দিবাগত রাতে দুরুদ শরীফ সহ ৩ বার পাঠ করতে হবে।

২৭। দুষ্ট জিনের প্রভাব ছাড়াতে প্রত্যহ একবার ৪০ দিন পর্যন্ত পাঠ করে আক্রান্ত ব্যাক্তির উপরে দম করতে হবে।

২৯। সন্তান ভূমিষ্ঠের পর সমুদ্রের পানিতে ৯ বার পড়ে সেই পানি দিয়ে গোসল করালে সন্তান সকল প্রকার বিপর্যয় হতে রক্ষা পাবে।

৩০। প্রসব বেদনা দূর করতে ৩ বার পাঠ করে গোলাপ জলের উপর দম করবে তারপর তা সাধারণ পানির সাথে মিশিয়ে পান করবে। কিছুটা পেটের উপরে রেখে দেবে তাতে দ্রুত ব্যাথা উপশম হবে।

৩১।জাহাজে যাত্রারত অবস্থায় ঝড়ের কবলে পরলে একবার পড়লে রক্ষা পাবে।

৩২।কয়েদি মুক্তির জন্য বিরামহীন ভাবে পাঠ করবে।

৩৩।জমি অনউর্বর হয়ে পড়লে, বীজের উপরে পড়ে দম করে লাগালে প্রচুর ফলন হবে।

৩৪।জমিতে পোকা মাকড়ের প্লেগ হলে বালির উপরে ৭ বার পড়ে দম করে আক্রান্ত মাটিতে ছিটিয়ে দিলে আর কখনও এর আক্রমণ হবেনা।

সারমর্ম হল, যে উদ্দেশেই কাসীদাহ্ বুরদাহ্ পাঠ করা হউক না কেন তা ইনশা'আল্লাহ সফল হবে। শর্ত এই যে পাঠকারীর রুযী-রোজগার হালাল হতে হবে। কম আহার, অল্প নিদ্রা এবং স্বল্পভাষী হতে হবে।

আল্লাহ্‌র কাছে আরজি, আল্লাহ্ তাঁর অসীম করুনা ও দয়ায় এই ক্ষুদ্র প্রচেষ্টা কে কবুল করুন। কাসিদাহ্‌র বরকতে আমাদের ইমানের সাথে মৃত্যু দান করুন।আমাদের, পরিবারের, শিক্ষকদের অন্তরে রাসুলের(সাঃ)প্রতি আপরিসীম ভালবাসা ও মোহাব্বত দিয়ে দিন।
আমীন!

# কাসীদায়ে বুরদা পরিচিতি

"আল কাওয়াকিবুদ দুররিয়াহ ফী মাদহি খায়রিল বারিয়াহ" বিশ্বনবী হযরত মুহম্মদ (সঃ)-এর প্রশংসায় রচিত এক সুদীর্ঘ আরবী কবিতা। বিশ্ববিখ্যাত এ কবিতা 'কাসীদা-এ-বুরদা' নামে সুপরিচিত। ইমাম বুসিরী (রহ) এর রচয়িতা। তাঁর পুরো নাম শেখ আবু আবদুল্লাহ শরফুদ্দিন মুহম্মদ ইবনে সাঈদ ইবনে হাম্মাদ ইবনে আবদুল্লাহ বুসিরী (রহ)। মিসরের বুসির নামক জনপদে তাঁর জন্ম। এই বুসির থেকে ইমাম বুসিরী নামে তিনি খ্যাতি লাভ করেন। হিজরী ৬০৮ সালের ১লা শাওয়াল মুতাবিক ইং ১২১৩ সালের ৭ মার্চ তাঁর জন্মতারিখ। ১২৯০ সালে কায়রো নগরীতে তিনি ইন্তেকাল করেন।

ইমাম বুসিরী ছিলেন বহু ভাষায় সুপণ্ডিত, সাহিত্যিক ও একজন প্রথিতযশা কবি। একজন কামিল বুযর্গ হিসেবেও তিনি মুসলিম জাহানে সুপরিচিত। তিনি প্রচুর কবিতা রচনা করেছেন। তবে 'কাসীদা-এ-বুরদাই তাঁকে অমর করে রেখেছে।

**কাসীদা-এ-বুরদা রচনার মূল প্রেরণা**

কবি এক সময় পক্ষাঘাতে আক্রান্ত ও সম্পূর্ণ অচল হয়ে বিছানায় আশ্রয় নেন। বহু চিকিৎসার পরেও আরোগ্য লাভে ব্যর্থ হয়ে অবশেষে তিনি বিশ্বনবী (সঃ)-এর প্রশংসায় একটি কাসীদা লিখে তাঁর উছিলায় আল্লাহ পাকের দরবারে রোগমুক্তির প্রার্থনা করার নিয়ত করেন। কাসীদা রচনা সমাপ্ত হলে তিনি এক জুময়া'র রাতে পাক-পবিত্র হয়ে এক নির্জন ঘরে প্রবেশ করেন এবং গভীর মনোযোগে ভক্তিভরে কাসীদা আবৃত্তি করে থাকেন। আবৃত্তি করতে করতে তিনি ঘুমিয়ে পড়েন। এ অবস্থায় তিনি স্বপ্নে দেখেন, সমগ্র ঘর আলোকে উদ্ভাসিত হয়ে গেছে এবং প্রিয়নবী (সঃ) সেখানে শুভাগমন করেছেন। কবি আনন্দে আত্মহারা হয়ে পড়েন এবং স্বপ্নাবস্থায় প্রিয়নবী (সঃ)-কে কাসীদা আবৃত্তি করে শুনাতে থাকেন। আবৃত্তি করতে করতে যখন কাসীদার শেষের দিকের একটি পংক্তি পর্যন্ত পৌঁছেন যেখানে বর্ণনা করা হয়েছে "কাম আবরাআত আসিবান"—'কত চিররুগ্ন ব্যক্তিকে নিরাময় করেছে প্রিয়নবীর পবিত্র হাতের স্পর্শ" তখন প্রিয়নবী (সঃ) তাঁর হাত মোবারক দিয়ে কবির সমগ্র দেহ মুছে দেন এবং তিনি খুশী হয়ে নিজ গায়ের নকশাদার ইয়ামনী চাদর দিয়ে তাঁকে ঢেকে দেন। স্বপ্ন ভেঙ্গে যায়। তাকিয়ে দেখেন প্রিয়নবী নেই। তবে কবি সম্পূর্ণ রোগমুক্ত এবং নবীজীর প্রদত্ত চাদর তার গায়ে জড়ানো। তিনি আল্লাহর শোকর আদায় করলেন। প্রভাতে উঠে তিনি বাজারের দিকে হাঁটতে লাগলেন। পথিমধ্যে দেখা হল এক দরবেশের সঙ্গে। দরবেশ বললেন, আপনি নবী (সঃ)-এর প্রশংসায় যে কাসীদা রচনা করেছেন আমাকে তা একটু শুনান। কবি বললেন, আমি এ বিষয়ে অনেক কবিতা লিখেছি, আপনি কোন্‌টি শুনতে চান? দরবেশ কাসীদা-এ-বুরদা'র প্রথম চরণটি আবৃত্তি করে বললেন, এইটি। বিস্ময়াভিভূত কবি বললেন, আপনি কোথায় পেলেন, আমি তো এখনও এ কবিতা কাউকে দেখাইনি। দরবেশ বললেন, গতরাতে যখন আপনি এ কাসীদা প্রিয়নবী (সঃ)-কে আবৃত্তি করে শুনাচ্ছিলেন তখন আমি সেখানে উপস্থিত থেকে তা শুনছিলাম। কেবল আমি নই, তখন তখনই এ কাসীদা আল্লাহ পাক তাঁর বিশেষ বিশেষ বান্দাদের নিকট পৌঁছে দিয়েছেন। এভাবে অত্যল্পকালের মধ্যে এ কাসীদা এবং এর কারামত সর্বত্র ছড়িয়ে পড়ে ও মানুষ এর দ্বারা বিপদে-আপদে নানাভাবে উপকৃত হতে থাকে। সে থেকে আজ পর্যন্ত সারা বিশ্বে অত্যন্ত ভক্তি ও সম্মানের সাথে এ কাসীদা পঠিত ও সমাদৃত হয়ে আসছে। বিভিন্ন ভাষায় গদ্যে ও পদ্যে এর বহু অনুবাদ হয়েছে।

**কাসীদার বৈশিষ্ট্য**

ভাব, ভাষা ও ছন্দে এ এক রসোত্তীর্ণ ও কালোত্তীর্ণ কবিতা। অলঙ্কারে, উপমা, উৎপ্রেক্ষা ও আংগিকে আশ্চর্য সফল, সাবলীল, প্রাণময় এ কাসীদা শ্রুতিমধুর ও সুখপাঠ্য।

কবিতার চরণকে আরবী ভাষায় বলা হয় মিসরা। দু' দু' মিসরা নিয়ে গঠিত হয় একটি বয়াত বা শ্লোক। এভাবে বহু বয়াতের সমাহার সুদীর্ঘ কবিতার নাম কাসীদা। কাসীদা-এ-বুরদা ১৬৫ শ্লোকবিশিষ্ট এমনি এক সুদীর্ঘ কবিতা। এতে রয়েছে ১০টি অধ্যায়। প্রিয়নবী (সঃ) এ কবিতা শুনে কবিকে নকশাদার চাদর দান করেছিলেন বলে এর নাম হয়েছে 'কাসীদা-এ-বুরদা।' 'বুরদাতুন' শব্দের অর্থ নকশাদার চাদর। নকশাদার চাদরের মত এ কবিতায়ও রয়েছে বিষয়-বৈচিত্র্য, ভাষার সূক্ষ্ম কারুকার্য—এজন্য এর নাম 'কাসীদা-এ-বুরদা'—এ অভিমতও ব্যক্ত করেছেন কেউ কেউ। অনুবাদে মূল আরবী ছন্দ অনুসরণের চেষ্টা করা হয়েছে।

কাশিদাহ্ বুরদাহ্
বাংলা উচ্চারন
অধ্যায়-১

বিছ্মিল্লাহির্ রাহ্মানির্ রাহিম

| | |
|---|---|
| 1. আলহামদুলিল্লাহি মুনশিল খাল্কি মিন্ আদামি<br>বিশ্ব নিখিল নাস্তিক থেকে<br>গড়লো যে তাঁর সব গুণ-গান | اَلْحَمْدُ لِلّٰهِ مُنْشِي الْخَلْقِ مِنْ عَدَمِ |
| 2. ছুম্মাছ্ ছালাতু আলাল মুখ্তারিফিল কিদামি<br>হাজার সালাম সত্তাকে সেই<br>সৃষ্টিকুলের শ্রেষ্ঠ মহান। | ثُمَّ الصَّلَاةُ عَلَى الْمُخْتَارِ فِي الْقِدَمِ |
| 3. মওলা ইয়া ছাল্লি ওয়া ছাল্লিম দায়িমান আবাদান<br>সৃষ্টিকুলের শ্রেষ্ঠতম<br>তোমার প্রিয় সখার পরে | مَوْلَايَ صَلِّ وَسَلِّمْ دَائِمًا أَبَدًا |
| 4. আলা হাবিবিকা খায়রাল খালকি কুল্লিহিমি<br>সালাত সালাম পাঠাও গো রব<br>যুগ থেকে যুগ যুগান্তরে। | عَلَى حَبِيبِكَ خَيْرِ الْخَلْقِ كُلِّهِمِ |
| 5. আমিন তাজাক্কুরি জিরানিম্ বিজি ছালামিন<br>'সলম' বনে পড়শিগণের<br>বিয়োগব্যথা স্মরণ করে | أَمِنْ تَذَكُّرِ جِيرَانٍ بِذِي سَلَمِ |
| 6. মাজাজতা দাম আন জারা মিম মুকলাতিন বিদামি<br>নয়ন যুগল হতে কি ওই<br>রক্তমাখা অশ্রু ঝরে? | مَزَجْتَ دَمْعًا جَرَى مِنْ مُقْلَةٍ بِدَمِ |
| 7. আম হাব্বা'তির রায়িহু মিন তিলকা'ই কাজিমাতিন<br>দূর 'কাজেমা'র প্রান্ত হতে<br>মাতাল হাওয়া বইছে কিরে | أَمْ هَبَّتِ الرِّيحُ مِنْ تِلْقَاءِ كَاظِمَةٍ |
| 8. আ'ও আ'ও মাদ ইয়াল বারকু ফিজ্জালমায়ি মিন ইদামি<br>কিংবা 'এজাম' গিরির কোলে<br>বিজলি হাসে আঁধার চিরে? | أَوْ أَوْمَضَ الْبَرْقُ فِي الظَّلْمَاءِ مِنْ إِضَمِ |
| 9. ফামা লি আইনায়কা ইন কুলতা'ক ফুফা হামাতা<br>বারণ করি যতোই আমি<br>ততোই আঁসু ঝরায় আঁখি | فَمَا لِعَيْنَيْكَ إِنْ قُلْتَ اكْفُفَا هَمَتَا |
| 10. ওয়া মালিকালবিকা ইনকুলতাছ'তাফি'ক ইয়াহিমি<br>ততোই হিয়া হয় পেরেশান<br>যতোই নিষেধ করতে থাকি। | وَمَا لِقَلْبِكَ إِنْ قُلْتَ اسْتَفِقْ يَهِمِ |

| | |
|---|---|
| 11. আ ইয়াহ’ ছাবুছ্ ছাব্বু আন্নাল হুব্বা মুনকাতিমুন<br>বাঁধনহারা আঁসুর ধারা<br>প্রণয় ব্যাকুল তাপিত মন | أَيَحْسَبُ الصَّبُّ أَنَّ الْحُبَّ مُنْكَتِمٌ |
| 12. মা বাইনা মুন ছাজিমিম্ মিনহু ওয়া মুদতারামি<br>প্রেমের সুধা সুপ্ত এতেই<br>বুঝে কি তা প্রেমিক সুজন? | مَا بَيْنَ مُنْسَجِمٍ مِنْهُ وَمُضْطَرِمِ |
| 13. লাও লাল হা ওয়া লাম তুরিক দাম আন আলা তালালিন<br>নাইবা হলে আশেক তবে<br>কেন বিজন টিলার পরে | لَوْلَا الْهَوَى لَمْ تُرِقْ دَمْعًا عَلَى طَلَلٍ |
| 14. ওয়ালা আরিকতা লিজিক’রিল বানি ওয়াল আলামি<br>‘আলমগিরি’ ‘বান’ বিটপী<br>স্মরে এমন অশ্রু ঝরে? | وَلَا أَرِقْتَ لِذِكْرِ الْبَانِ وَالْعَلَمِ |
| 15. ফাকাইফা তুনকিরু হুব্বান বা’দা মা শাহিদাত<br>মিছেই কেবল করছো গোপন<br>প্রেম অস্বীকার করছো মিছে | فَكَيْفَ تُنْكِرُ حُبًّا بَعْدَمَا شَهِدَتْ |
| 16. বিহি আলাইকা আদুলুদ’দামই ওয়াছ্ছাকামি<br>সজল আঁখি, কঠিন পীড়া<br>দাঁড়ানো দুই সাক্ষী পিছে। | بِهِ عَلَيْكَ عُدُولُ الدَّمْعِ وَالسَّقَمِ |
| 17. ওয়া আছ্বাতাল ওয়াজদু খাত্তা আব্রাতিও ওয়া দানান<br>পীড়ার ক্ষত, অশ্রুধারা<br>দুই আলামত সর্বনেশে | وَأَثْبَتَ الْوَجْدُ خَطَّيْ عَبْرَةٍ وَضَنًى |
| 18. মিছ্লাল বাহারি আলা খাদ্দাইকা ওয়াল আনামি<br>হলদে কুসুম, রক্তজবা<br>রয়েছে দুই গণ্ডদেশে। | مِثْلَ الْبَهَارِ عَلَى خَدَّيْكَ وَالْعَنَمِ |
| 19. নাআম’ ছারাইয়া তাইফু মান আহওয়া ফাআরাক্কানি<br>পেলাম সখার মধুর পরশ<br>নিদ্রা কোলে বিভোর যখন | نَعَمْ سَرَى طَيْفُ مَنْ أَهْوَى فَأَرَّقَنِي |
| 20. ওয়াল হুব্বু ইয়া’তারিদুল্লাজ্জাতি বিল’আলামি<br>মনের আগুন বাড়লো দ্বিগুণ<br>ভাঙতেই সে মধুর স্বপন। | وَالْحُبُّ يَعْتَرِضُ اللَّذَّاتِ بِالْأَلَمِ |
| 21. ইয়াল আয়িমি ফিল্ হাওয়া ইয়াল উজরিয়্যি মা’জিরাতান | يَا لَائِمِي فِي الْهَوَى الْعُذْرِيِّ مَعْذِرَةً |

| | |
|---|---|
| ‘উজড়া’ সম গভীরতর<br>জানলে আমার প্রণয় মীড়ে | |
| 22. মিন্নি ইলায়কা ওয়ালাও আনছা’ফতা লাম তালুমি<br>করতে না আর বেইন্‌সাফি<br>বিঁধতে না আর নিন্দা তীরে। | مِنِّي إِلَيْكَ وَلَوْ أَنْصَفْتَ لَمْ تَلُمِ |
| 23. আদাতকা হালি ওয়াল আছির্‌রি বিমুছ্‌তাতিরিন<br>প্রেমিক হলেই স্বাদ পেতে মোর<br>এই নিদারুণ মর্ম জ্বালার | عَدَتْكَ حَالِي وَلَا سِرِّي بِمُسْتَتِرٍ |
| 24. আনিল্‌ বুশ্‌শাতি ওয়ালা দায়ী বিমুনহাছিমি<br>বুঝতে তখন নেই উপশম<br>তীব্রতর এই বেদনার। | عَنِ الْوُشَاةِ وَلَا دَائِي بِمُنْحَسِمِ |
| 25. মাহাদ্‌তানি ইয়ান্‌ নুছ্‌হা লাকিল্লাছ্‌তু আছ্‌মাউহু<br>ভালোবাসা ভুলতে আমায়<br>যতোই খুশী বলতে পারো | مَحَضْتَنِي النُّصْحَ لَكِنْ لَسْتُ أَسْمَعُهُ |
| 26. ইন্নাল মুহিব্বা আনিল উজ্জালি ফি ছামামি<br>মিছে সবই, আশেক বধির<br>লয়না কানে মন্ত্র কারো। | إِنَّ الْمُحِبَّ عَنِ الْعُذَّالِ فِي صَمَمِ |
| 27. ইন্নিত্‌ তাহাম্‌তু নাছিহাশ শায়্‌,বি ফিআজালি<br>প্রবীণতার সৎ উপদেশ<br>যতোই ভাবো সর্বনেশে | إِنِّي اتَّهَمْتُ نَصِيحَ الشَّيْبِ فِي عَذَلِي |
| 28. ওয়াশ্‌শাইবু আব’আদু ফি নুছ্‌হি আনিত্‌তুহামি<br>মন্দ কিছু নেই আসলে<br>‘তুলহায়াতে’র উপদেশে। | وَالشَّيْبُ أَبْعَدُ فِي نُصْحٍ عَنِ التُّهَمِ |

## অধ্যায়–২

| | |
|---|---|
| 1. ফা ইন্না আম্মারাতি বিছ্ছুয়ি মাত্তাআজাত<br>জ্ঞান ধীষণায় শীর্ণ জীর্ণ<br>‘দুষ্টমতিআত্মা’ আমার | فَإِنَّ أَمَّارَتِي بِالسُّوءِ مَا اتَّعَظَتْ |
| 2. মিন জাহলিহা বিনাজিরিশ্ শাইবি ওয়াল্ হারিমি<br>লয়নি কানে সৎ উপদেশ<br>‘তুলহায়াতী’ অভিজ্ঞতার। | مِنْ جَهْلِهَا بِنَذِيرِ الشَّيْبِ وَالْهَرَمِ |
| 3. ওয়ালা আ’আত্তু মিনাল ফি’লিল যামিলি কিরাইয়া<br>জরা নামের সেই অতিথি<br>এলো যখন দেহের ঘরে | وَلَا أَعَدَّتْ مِنَ الْفِعْلِ الْجَمِيلِ قِرَى |
| 4. দাইফিন আলাম্মা বিরা’ছি গাইরা মুহতাশামি<br>নেক আমলের অর্ঘ্য দানি<br>লইনি তারে বরণ করে। | ضَيْفٍ أَلَمَّ بِرَأْسِي غَيْرَ مُحْتَشِمِ |
| 5. লাও কুনতু আ’লামু আন্নি মা উ ওয়াক্কিরুহু<br>সেই অতিথি আপ্যায়নের<br>নেই ক্ষমতা জানলে পরে | لَوْ كُنْتُ أَعْلَمُ أَنِّي مَا أُوَقِّرُهُ |
| 6. কাতাম্তু ছিররান বাদা লি মিনহু বিল কাতামি<br>আমার সকল গুপ্ত বিষয়<br>রেখে দিতাম গোপন করে। | كَتَمْتُ سِرًّا بَدَا لِي مِنْهُ بِالْكَتَمِ |
| 7. মাল্লি বি রাদ্দি জিমা হিম মিন্ গা ওয়া ইয়াতিহা<br>পাগলা ঘোড়া এই বেয়াড়া<br>মনটাকে মোর ভবঘুরে | مَنْ لِي بِرَدِّ جِمَاحٍ مِنْ غَوَايَتِهَا |
| 8. কামা ইউরাদ্দু জিমাহুল খায়লি বিললুজুমি<br>বশে এনে কে দেবে হায়<br>নিপুণভাবে বল্গা জুড়ে। | كَمَا يُرَدُّ جِمَاحُ الْخَيْلِ بِاللُّجُمِ |
| 9. ফাল্ আতারুম বিল মাআছি কাছরা শাহ্ওয়াতিহা<br>তুষ্ট কভু হয় না যে মন<br>পাপের পথে, কলুষ দ্বারা | فَلَا تَرُمْ بِالْمَعَاصِي كَسْرَ شَهْوَتِهَا |
| 10. ইন্নাত তাআ’মা ইউকা’ব্বি ইয়া শাহ্ওয়াতান্ নাহিমি<br>ভোজন বিলাস লোভকে করে<br>তীক্ষ্নতর বল্গা হারা। | إِنَّ الطَّعَامَ يُقَوِّي شَهْوَةَ النَّهِمِ |
| 11. ওয়ান্নাফছু কাত্তিফলি ইন্তুহ্মিলহু শাব্বা আলা<br>‘দুষ্টমতিআত্মা’ যে ঠিক<br>দুগ্ধপায়ী শিশুর মত | وَالنَّفْسُ كَالطِّفْلِ إِنْ تُهْمِلْهُ شَبَّ عَلَى |
| 12. হুব্বির রিদা ই ওয়া ইন্তাফ তিমহু ইয়ান | حُبِّ الرَّضَاعِ وَإِنْ تَفْطِمْهُ يَنْفَطِمِ |

| | |
|---|---|
| ফাতিমি<br>বাগড়া না দাও—বাড়বে তবু<br>দুগ্ধ পানেই থাকবে রত। | |
| 13. ফা'ছরিফ হাওয়া হা ওয়া হাজির আন্ তু'ওয়াললিয়াহু<br>দমন কর রিপু নিচয়<br>টেনে ধরো কামনা রাস | فَاصْرِفْ هَوَاهَا وَحَاذِرْ أَنْ تُوَلِّيَهُ |
| 14. ইন্নাল হা'ওয়া ইয়া মাতা ওয়াল্লাই ইয়ুছ্মি আ'ও ইয়াছিমি<br>বানিয়ে নিলে প্রভু তাকে<br>করবে তোমায় সমূলে নাশ। | إِنَّ الْهَوَى مَا تَوَلَّى يُصْمِ أَوْ يَصِمِ |
| 15. ওয়া রা-ইহা ওয়া-হিআ ফিল্ আমালি ছা'ইমাতুন<br>চারণভূমে চলার কালে<br>কঠোরভাবে দাও পাহারা | وَرَاعِهَا وَهِيَ فِي الْأَعْمَالِ سَائِمَةٌ |
| 16. ওয়া ইনহি ইয়াছ্তাহ্-লাতিল্ মার্আ ফা'ল তুছিমি<br>গণ্ডি ছেড়ে যায় সে খোশে<br>অমনি হলে বাঁধনহারা। | وَإِنْ هِيَ اسْتَحْلَتِ الْمَرْعَى فَلَا تُسِمِ |
| 17. কাম্ হাছ্ছানাত্ লাজ্জাতাল্লিল মা'রই কাতিলাতান<br>দুষ্ট রিপু ভোগ বিলাসে<br>নয়ন মোহন দেখায় সোজা | كَمْ حَسَّنَتْ لَذَّةً لِلْمَرْءِ قَاتِلَةً |
| 18. মিন্ হায়ছু লাম ইয়াদরি আন্নাছ ছাম'মা ফিদ্দাছামি<br>চর্বিতে যে গরল থাকে<br>সহজে তা যায় না বোঝা। | مِنْ حَيْثُ لَمْ يَدْرِ أَنَّ السَّمَّ فِي الدَّسَمِ |
| 19. ওয়াখশাদ্দাছাইছা মিন জুয়্যুউ ওয়া মিন্ শিবাইন<br>রিপু-ক্ষুধার ছোবল হতে<br>সতর্কতায় থাকবে অতি | وَاخْشَ الدَّسَائِسَ مِنْ جُوعٍ وَمِنْ شِبَعٍ |
| 20. ফা রুব্বা মাখ'মাছাতিন শার্‌রুম মিনাত্তুখামি<br>ক্ষুধার চেয়ে অতিভোজন<br>বদহজমে দারুণ ক্ষতি। | فَرُبَّ مَخْمَصَةٍ شَرٌّ مِنَ التُّخَمِ |
| 21. ওয়াছ্ তাফ্রি গিদ্দাম আমিন্ আইনিন ক'দিম তালা'আত<br>ঢের জমেছে পাপের বোঝা<br>বহাও চোখে অশ্রুধারা | وَاسْتَفْرِغِ الدَّمْعَ مِنْ عَيْنٍ قَدِ امْتَلَأَتْ |
| 22. মিনাল্ মাহারিমি ওয়াল্ জাম্ হিমইয়াতান্ নাদামা<br>হয় না মোচন পাপের কালি<br>অনুতাপের কান্না ছাড়া। | مِنَ الْمَحَارِمِ وَالْزَمْ حِمْيَةَ النَّدَمِ |

| | |
|---|---|
| 23. ওয়া খালিফিন্ নাফ্ছা ওয়াশ্শায়তানা ওয়া'ছিহিমা<br>উল্টো চলো শয়তানের ও<br>দুষ্ট রিপুর হর হামেশা | وَخَالِفِ النَّفْسَ وَالشَّيْطَانَ وَاعْصِهِمَا |
| 24. ওয়া ইন হুমা মাহাদাকান্নুছহা ফাত্তাহিমি<br>মন্দ কাজের মন্ত্রদানই<br>এদের পেশা এদের নেশা। | وَإِنْ هُمَا مَحَضَاكَ النُّصْحَ فَاتَّهِمِ |
| 25. ওয়ালা তুতি' মিনহুমা খা'ছ্মান ওয়ালা হাকামান<br>এই দু'জনা দুষ্ট ভীষণ<br>পথটা এদের দারুণ টেরা | وَلَا تُطِعْ مِنْهُمَا خَصْمًا وَلَا حَكَمًا |
| 26. ফা আন্তা তা'রিফু কাইদাল খাছ্মি ওয়াল্ হাকামি<br>নেই সেখানে ভালোর কিছু<br>যেই খানেই থাক না এরা। | فَأَنْتَ تَعْرِفُ كَيْدَ الْخَصْمِ وَالْحَكَمِ |
| 27. আছ্তাগ্ফিরুল্লাহা মিন কাওলিন বিল আমালিন<br>কর্মবিহীন ভাষণ থেকে<br>শরণ যাচি আল্লা পাকের | أَسْتَغْفِرُ اللهَ مِنْ قَوْلٍ بِلَا عَمَلٍ |
| 28. লাকাদ নাছাব্তু বিহি নাছ্আল্লিজি উকুমি<br>বন্ধ্যা নারীর বংশধারার<br>দাবী নিছক উপহাসের। | لَقَدْ نَسَبْتُ بِهِ نَسْلًا لِذِي عُقُمِ |
| 29. আমারতুকাল খায়রা লাকিন্মা'তামার তুবিহি<br>দিই উপদেশ ভালো কাজের<br>খোদ চলেছি মন্দ পথে | أَمَرْتُكَ الْخَيْرَ لٰكِنْ مَا ائْتَمَرْتُ بِهِ |
| 30. ওয়ামাছ্ তাকামতু ফামা কাওলি লাকাছ্তাকিমি<br>এই নসিহত শুধুই ফাঁকা<br>দেয় না সুফল কোনো মতে। | وَمَا اسْتَقَمْتُ فَمَا قَوْلِي لَكَ اسْتَقِمِ |
| 31. ওয়ালা তাজাওওয়াত্তু কাবলাল মাওতি নাফিলাতান<br>আখেরাতের দীর্ঘ পথের<br>নেই পাথেয় শূন্য খামার | وَلَا تَزَوَّدْتُ قَبْلَ الْمَوْتِ نَافِلَةً |
| 32. ওয়ালাম উছাল্লি ছিওয়া ইয়া ফারদিও ওয়ালাম আছুমি<br>ফরয রোজা নামাজ ছাড়া<br>নফল কিছু নেইকো আমার। | وَلَمْ أُصَلِّ سِوَى فَرْضٍ وَلَمْ أَصُمِ |

| | |
|---|---|
| 1. জালাম্‌তু ছুন্নাতা মান আহ্‌ইয়াজ্জালামা ইলা<br>**তরীকা তাঁর ত্যাগ করেই**<br>**করছি যুলুম পড়ছি ভুলে** | ظَلَمْتُ سُنَّةَ مَنْ أَحْيَى الظَّلَامَ إِلَى |
| 2. আ নিশ্‌তাকাত্‌ কাদামাহুদ্‌ দুররা মিও্‌ ওয়ারামি<br>**দাঁড়িয়ে থেকে সালাতে যার**<br>**চরণ যুগল উঠতো ফুলে।** | أَنِ اشْتَكَتْ قَدَمَاهُ الضُّرَّ مِنْ وَّرَمِ |
| 3. ওয়া শাদ্দা মিন শাগাবিন আহশা আহু ওয়াতা ওয়ায়ি<br>**বাঁধেন কাপড় পাক উদরে**<br>**দারুণ ক্ষুধার তীব্র জ্বালায়** | وَشَدَّ مِنْ سَغَبٍ أَحْشَاءَهُ وَطَوَى |
| 4. তাহ্‌তাল্‌ হিজারাতি কাশহা'ম্মুতরাফাল্‌ আদামি<br>**কুসুম তনু রাখতে ঋজু**<br>**কঠিন শিলা বাঁধেন মাজায়।** | تَحْتَ الْحِجَارَةِ كَشْحًا مُّتْرَفَ الْأَدَمِ |
| 5. ওয়ারা ওয়াদাত্‌হুল জিবালুশ্‌শুম্মু মিন জাহাবিন<br>সোনার পাহাড় সামনে এলো<br>মুখ ফিরালেন অবহেলে | وَرَاوَدَتْهُ الْجِبَالُ الشُّمُّ مِنْ ذَهَبٍ |
| 6. আন্‌নাফ্‌ছিহি ফা'আরাহা আইইয়ামা শামামি<br>আরাম আয়েশ তুচ্ছভরে<br>দুই চরণে দিলেন ঠেলে। | عَنْ نَّفْسِهِ فَأَرَاهَا أَيَّمَا شَمَمِ |
| 7. ওয়া আক্কাদাত জুহ্‌দাহু ফিহা দারুরাতুহু<br>অভাব তাঁকে করল উঁচু<br>অভ্রভেদী গিরির মত | وَأَكَّدَتْ زُهْدَهُ فِيهَا ضَرُورَتُهُ |
| 8. ইন্নাদ্‌দাররুতা লাতা'দু আলাল্‌ ইছামি<br>তাঁর সততা গুণের কাছে<br>তামাম জাহান হলো নত। | إِنَّ الضَّرُورَةَ لَا تَعْدُو عَلَى الْعِصَمِ |
| 9. ওয়া কাইফা তাদউ ইলাদ্দুনিয়া দারুরাতা মান,<br>কেমনে তাঁকে করবে কাবু<br>লোভ-লালসার মোহন মায়া | وَكَيْفَ تَدْعُو إِلَى الدُّنْيَا ضَرُورَةُ مَنْ |
| 10. লাওলাহুলাম তুখ্‌রু জিদ্দুনিয়া মিনাল্‌ আদামি<br>**বিশ্ব ভুবন যার কারণে**<br>**নাস্তি থেকে পাইল কায়া।** | لَوْلَاهُ لَمْ تُخْرَجِ الدُّنْيَا مِنَ الْعَدَمِ |
| 11. মাওলা ইয়া ছাল্লি ওয়া ছাল্লিম দা'ইমান আবাদান | مَوْلَايَ صَلِّ وَسَلِّمْ دَائِمًا أَبَدًا |

| | |
|---|---|
| সৃষ্টিকুলের শ্রেষ্ঠতম<br>তোমার প্রিয় সখার পরে | |
| 12. আলা হাবিবিকা খাইরিল খাল্কি কুল্লিহিমি<br>সালাত সালাম পাঠাও গো রব<br>যুগ থেকে যুগ যুগান্তরে। | عَلَى حَبِيبِكَ خَيْرِ الْخَلْقِ كُلِّهِمِ |
| 13. মুহাম্মাদুন ছ্যাইইদুল কাওনাইনি ওয়াছ্ছাকালিন<br>প্রিয়নবী 'মুহম্মদ'ই<br>দুই জাহানের মহান নেতা | مُحَمَّدٌ سَيِّدُ الْكَوْنَيْنِ وَالثَّقَلَيْنِ |
| 14. ওয়াল্ ফারিকাইনি মিন আরাবিও ওয়া মিন আজামি<br>আরব-আজম অধিপতি<br>বিশ্বগুরু জগৎ জেতা। | وَالْفَرِيقَيْنِ مِنْ عَرَبٍ وَّمِنْ عَجَمِ |
| 15. নাবিয়ুনাল আমিরুন্নাহি ফালা আহাদুন<br>আদেশ-নিষেধ হা ও না-এর<br>হুকুমদাতা নবী আমার | نَبِيُّنَا الْآمِرُ النَّاهِي فَلَا أَحَدٌ |
| 16. আ বাররা ফি কাওলিলা মিনহু ওয়ালা নাআমি<br>সত্য-সঠিক হুকুম জারীর<br>নেই যে কোনো তুলনা তাঁর। | أَبَرَّ فِي قَوْلِ لَا مِنْهُ وَلَا نَعَمِ |
| 17. হুয়াল হাবিবুল্লাজি তুরজা শাফাআতুহু<br>প্রিয় সখা খোদ এলাহির<br>পরকালের কাণ্ডারী সে | هُوَ الْحَبِيبُ الَّذِي تُرْجَى شَفَاعَتُهُ |
| 18. লিকুল্লি হাওলিম্ মিনাল আহ্ওয়া লি মুক্তাহিমি<br>কঠোর কঠিন বিপদকালে<br>মুক্তি দয়ার ভাণ্ডারী সে। | لِكُلِّ هَوْلٍ مِّنَ الْأَهْوَالِ مُقْتَحِمِ |
| 19. দাআ ইলাল্লাহি ফা'ল মুছ্তাম্ছিকুনাবিহি<br>ডাকলো তাঁহার সত্য পথে<br>সেই ডাকে দেয় দৃপ্ত সাড়া | دَعَا إِلَى اللهِ فَالْمُسْتَمْسِكُونَ بِهِ |
| 20. মুছ্তাম্ছিকুনা বিহাব্লিন গাইরি মুন ফাছামি<br>শক্ত হাতে বজ্র অটুট<br>রজ্জু কষে ধরলো তারা। | مُسْتَمْسِكُونَ بِحَبْلٍ غَيْرِ مُنْفَصِمِ |
| 21. ফাকান্ নাবিয়িনা ফি খাল্কিও ওয়া ফি খুলুকিন<br>জ্ঞানে-গুণে ধী মনীষায়<br>নবীকুলের শ্রেষ্ঠ নবী | فَاقَ النَّبِيِّينَ فِي خَلْقٍ وَّفِي خُلُقٍ |

| | |
|---|---|
| 22. ওয়ালাম ইয়ুদানুহু ফি ইলমিন ওয়ালা কারামি<br>সব অনুপম সব বেনজীর<br>স্বভাব চরিত সুরত ছবি। | وَلَمْ يُدَانُوهُ فِي عِلْمٍ وَلَا كَرَمِ |
| 23. ওয়া কুল্লুহুম মিররুছুলিল্লাহি মুল্‌তামিছুন<br>সকলে তাঁর সাগর থেকে<br>আঁজলা পানি যাচ্‌না করে | وَكُلُّهُمْ مِنْ رَسُولِ اللهِ مُلْتَمِسٌ |
| 24. গা'রফাম্‌ মিনাল্‌ বাহ্‌রি আও রাশফাম্‌ মিনাদ্‌দিমি<br>এই বাদলের বিন্দু বারি<br>সবাই মাগে সকাতরে। | غَرْفًا مِنَ الْبَحْرِ أَوْ رَشْفًا مِنَ الدِّيَمِ |
| 25. ওয়া ওয়া ফিকুনা লাদাইহি আন্‌দা হাদ্দিহিমি<br>সবাই যে তাঁর জ্ঞান মনীষার<br>সাগর বেলায় অপেক্ষমাণ | وَوَاقِفُونَ لَدَيْهِ عِنْدَ حَدِّهِمِ |
| 26. মিন্‌ নুকতাতিল ইল্‌মি আওমিন শাক'লাতিল হিকামি<br>সবাই গভীর পিয়াস নিয়ে<br>বিন্দু বারি চায় অনুদান। | مِنْ نُقْطَةِ الْعِلْمِ أَوْ مِنْ شَكْلَةِ الْحِكَمِ |
| 27. ফা হু ওয়াল্লাজি তাম্মা মা'নাহু ওয়া ছুরুরাতুহু<br>পূর্ণ, নিখুঁত, নজিরবিহীন<br>মন মননে ছায়ায় কায়ায় | فَهْوَ الَّذِي تَمَّ مَعْنَاهُ وَصُورَتُهُ |
| 28. ছুম্মাছ্‌ তাফাহু হাবিবান বারিউন নাছামি<br>স্রষ্টা স্বয়ং বন্ধু বলে<br>করলো বরণ গভীর মায়ায়। | ثُمَّ اصْطَفَاهُ حَبِيبًا بَارِئُ النَّسَمِ |
| 29. মুনাজ্জাহুন আনশারিকিন ফি মাহাছিনিহি<br>সকল গুণের মৌল আদিম<br>উৎসধারা রূপ সুষমার | مُنَزَّهٌ عَنْ شَرِيكٍ فِي مَحَاسِنِهِ |
| 30. ফা জাও হারুল হুছনি ফিহি গায়রু মুন কাছামি<br>শরীকবিহীন ভাজ্যবিহীন<br>অদ্বিতীয় সত্তা যে তাঁর। | فَجَوْهَرُ الْحُسْنِ فِيهِ غَيْرُ مُنْقَسِمِ |
| 31. দা' মাদ্দা আত হুন্নাছারা ইয়া ফি নাবিয়িহিম<br>নবী ঈসায় নাসারাগণ<br>খোদার বেটা ডাকছে ভুলে | دَعْ مَا ادَّعَتْهُ النَّصَارَى فِي نَبِيِّهِمِ |
| 32. ওয়াহ্‌ কুম বিমা শি'ইতা মাদ্‌হান ফিহি ওয়াহ্‌ তাকামি | وَاحْكُمْ بِمَا شِئْتَ مَدْحًا فِيهِ وَاحْتَكِمِ |

| | |
|---|---|
| সেইটি বাদে নবীগুণের<br>গান গেয়ে যাও পরান খুলে। | |
| 33. ওয়ান্ ছুব্ ইলা জাতিহি মা শি'তা মিন শারাফিন<br>মহত্ত্বগুণ মর্যাদা মান<br>উচ্চ থেকে উচ্চতর | وَانْسُبْ إِلَى ذَاتِهِ مَا شِئْتَ مِنْ شَرَفٍ |
| 34. ওয়ান ছুব ইলা ইয়া কাদ্‌রিহি মা শি'তা মিন ইজামি<br>তাঁর সুবিশাল সত্তা সনে<br>যতোই খুশী যুক্ত করো। | وَّانْسُبْ إِلَى قَدْرِهِ مَا شِئْتَ مِنْ عِظَمِ |
| 35. ফা ইন্না ফাদলা রাছুলিল্লাহি লাইছালাহু<br>কেননা সেই মহানবীর<br>নেই কোনো শেষ গুণ গরিমার | فَإِنَّ فَضْلَ رَسُولِ اللهِ لَيْسَ لَهُ |
| 36. হাদ্দুন ফা ইউ্‌রিবু আনহু নাতিকুন বিফামি<br>ঊর্ধ্বে তিনি বাগ্মী, কবির<br>সব বয়ানের সাধ্যসীমার। | حَدٌّ فَيُعْرِبَ عَنْهُ نَاطِقٌ بِفَمِ |
| 37. লাও নাছাবাত কাদ্‌রাহু আয়াতুহু ইজামান<br>সেই সুমহান সত্তা এমন<br>ডাকলে পূত নাম নিয়ে তাঁর | لَوْ نَاسَبَتْ قَدْرَهُ آيَاتُهُ عِظَمًا |
| 38. আহ্ ইয়াছ্ মুহু হিনা ইয়ুদ আ ইয়া দারিছার' রিমামি<br>জীবন পেয়ে উঠবে হেসে<br>হাজামজা গলিত হাড়। | أَحْيَى اسْمُهُ حِينَ يُدْعَى دَارِسَ الرِّمَمِ |
| 39. লাম ইয়াতাহিন্না বিমা তা তা'ইয়াল উকুলুবিহি<br>দয়াল তিনি তাঁর সুবিশাল<br>হৃদয়খানি দরদ ভরা | لَمْ يَمْتَحِنَّا بِمَا تَعْيَى الْعُقُولُ بِهِ |
| 40. হিরছান আলাইনা ফালাম তারতাব ওয়ালাম নাহিমি<br>এমন হুকুম দেননি তিনি<br>অসাধ্য যা পালন করা। | حِرْصًا عَلَيْنَا فَلَمْ نَرْتَبْ وَلَمْ نَهِمِ |
| 41. আ'ইয়াল ওয়ারা ইয়া ফাহমু মা'নাহু ফালাইছা ইয়ুরাইয়া<br>সত্তা তাঁহার দীপ্ত রবি<br>তীব্র জ্যোতির উৎসধারা | أَعْيَى الْوَرَى فَهْمُ مَعْنَاهُ فَلَيْسَ يُرَى |
| 42. লিল্ কুরবি ওয়াল্ বু'দি ফিহি গায়রু মুন ফাহিমি<br>দেখতে কি চাও পূর্ণ রূপে?<br>ঝলসে যাবে নয়নতারা। | لِلْقُرْبِ وَالْبُعْدِ فِيهِ غَيْرُ مُنْفَحِمِ |

| | |
|---|---|
| 43. কাশসাম্‌ছি তাজহারু লিল আইনাইনি মিন বু'দিন<br>দূর থেকে ওই আদিত্যকে<br>দেখায় ছোট, নিকট গেলে | كَالشَّمْسِ تَظْهَرُ لِلْعَيْنَيْنِ مِنْ بُعُدٍ |
| 44. ছাগীড়াতাও ওয়াতা কীল্‌লুততার ফূ মীণ আমামী<br>ক্ষর তেজের দীপ্ত তনু<br>যায় না দেখা নয়ন মেলে। | صَغِيرَةً وَّتُكِلُّ الطَّرْفَ مِنْ أَمَمِ |
| 45. ওয়া কাইফা ইয়ুদ রিকু ফিদ্দুনিয়া হাকিকাতাহু<br>ব্যর্থ হলো কাছের মানুষ<br>বুঝতে যে রূপ চিত্তহারী | وَكَيْفَ يُدْرِكُ فِي الدُّنْيَا حَقِيقَتَهُ |
| 46. কাওমুন নিয়ামুন তাছাল্লাও আনহু বিল হুলুমি<br>সেই সুষমার তত্ত্ব গভীর<br>বুঝবে কী আর স্বপ্নচারী! | قَوْمٌ نِيَامٌ تَسَلَّوْا عَنْهُ بِالْحُلُمِ |
| 47. ফামাব্‌লাগুল ইলমি ফিহি আ ইন্নাহু বাশারুন<br>এই টুকুনে তুষ্ট থাকো<br>তিনিই সেরা সৃষ্টি খোদার | فَمَبْلَغُ الْعِلْمِ فِيهِ أَنَّهُ بَشَرٌ |
| 48. ওয়া আন্নাহু খায়রু খাল্‌কিল্লাহি কুল্লিহিমি<br>মানব বটে—তবু ধরায়<br>নেই যে কোনোই তুলনা তাঁর। | وَأَنَّهُ خَيْرُ خَلْقِ اللهِ كُلِّهِمِ |
| 49. ওয়া কুল্লু আ ই আতাররুছুলুল কিরামু বিহা<br>তার মহান নূর উৎসভূমি<br>সকল নবীর সব মোজেযার | وَكُلُّ آيٍ أَتَى الرُّسُلُ الْكِرَامُ بِهَا |
| 50. ফা ইন্নামাত্‌ তাছালাত মিন্‌নুরিহি বিহিমি<br>এ নূর বলেই দেখান তাঁরা<br>যুগে যুগে নিশান খোদার। | فَإِنَّمَا اتَّصَلَتْ مِنْ نُّورِهِ بِهِمِ |
| 51. ফা ইন্নাহু শামছু ফাদলিন হুম কাওয়াকিবুহা<br>সূর্য তিনি—তাঁর আকাশে<br>নবী সমাজ গ্রহ-তারা | فَإِنَّهُ شَمْسُ فَضْلٍ هُمْ كَوَاكِبُهَا |
| 52. ইয়ুজ হিরনা আন ওয়ারা হালিন্‌নাছি ফিজ্‌জুলামি<br>তাঁরই জ্যোতির কেন্দ্র থেকে<br>সবাই পেলো জ্যোতির ধারা। | يُظْهِرْنَ أَنْوَارَهَا لِلنَّاسِ فِي الظُّلَمِ |
| 53. হাত্তা ইজা তালাআত ফিল কাওনি আম্মা হুদা<br>উদয় হতে সেই দিবাকর<br>নিখিল ভুবন উঠলো মাতি | حَتَّى إِذَا طَلَعَتْ فِي الْكَوْنِ عَمَّ هُدَاا |

| | |
|---|---|
| 54. হা'ল আলামিনি ওয়া আহ্ইয়াত ছায়িরাল উমামি<br>সেই সুবিমল আলোক ধারায়<br>করলো গাহন সকল জাতি। | هَا الْعَالَمِينَ وَأَحْيَتْ سَائِرَ الْأُمَمِ |
| 55. আক্‌রিম বি খাল্‌কি নাবিঈ জানাহু খুলুকুন<br>চারু স্বভাব মঞ্জু কায়া<br>দেহ মনের রূপ মাধুরী | أَكْرِمْ بِخَلْقِ نَبِيٍّ زَانَهُ خُلُقٌ |
| 56. বিল্‌ হুছনি মুশ্‌তামিলিন বিল বিশ্‌রি মুত্তাছিমি<br>দুয়ে মিলে সেই অপরূপ<br>রূপকুমারের নেই যে জুড়ি। | بِالْحُسْنِ مُشْتَمِلٍ بِالْبِشْرِ مُتَّسِمِ |
| 57. কাজ্জাহ্‌রি ফি তারাফিও ওয়াল বাদ'রি ফি শারাফিন<br>কোমলতায় গোলাপ কলি<br>উজ্জ্বলতায় তারাপতি | كَالزَّهْرِ فِي تَرَفٍ وَّالْبَدْرِ فِي شَرَفٍ |
| 58. ওয়াল বাহ্‌রি ফি কারামিও ওয়াদ্‌দাহ্‌রি ফি হিমামি<br>বদান্যতায় মহাসাগর<br>শৌর্যে অমোঘ কালের গতি। | وَالْبَحْرِ فِي كَرَمٍ وَّالدَّهْرِ فِي هِمَمِ |
| 59. কা আন্নাহু ওয়া হু ওয়া ফারদুন ফি জালালাতিহি<br>কুসুম কোমল তবু যে তাঁর<br>স্বভাবসুলভ তেজঃমহিমায় | كَأَنَّهُ وَهُوَ فَرْدٌ فِي جَلَالَتِهِ |
| 60. ফি আছ্‌কারিন হিনা তাল্‌কাহু ওয়া ফি হাশামি<br>একলাকেও মনে হতো<br>ঘেরা বিপুল সৈন্য-সেনায়। | فِي عَسْكَرٍ حِينَ تَلْقَاهُ وَفِي حَشَمِ |
| 61. কা আন্নামাল্‌ লু'লুল মাকনুনু ফি ছাদাফিন<br>মুচকি হাসির অন্তরালে<br>ঝিলিক হানে দন্ত সারি | كَأَنَّمَا اللُّؤْلُؤُ الْمَكْنُونُ فِي صَدَفٍ |
| 62. মিম্‌মা'দিনা মান্‌তিকিম মিন্‌হু ওয়া মুবতাছামি<br>যেন সাগর-ঝিনুক থেকে<br>আনলো তাজা মুক্তো পাড়ি। | مِنْ مَعْدِنَيْ مَنْطِقٍ مِنْهُ وَمُبْتَسَمِ |

| | |
|---|---|
| 63. লা তিবা ইয়া'দিলু তুরবান দাম্মা আ'জুমাহু<br>শয়ান তিনি যেই মাটিতে<br>খোশবু যে নেই তার মতো আর | لَا طِيبَ يَعْدِلُ تُرْبًا ضَمَّ أَعْظُمَهُ |
| 64. তুবা লিমুন্‌তাসিকিম মিনহু ওয়া মুলতাছিমি<br>ভাগ্য দারাজ চুম্‌লো যারা<br>শুঁক্‌লো যারা সুরভি তার। | طُوبَى لِمُنْتَشِقٍ مِّنْهُ وَمُلْتَثِمِ |

| | |
|---|---|
| 1. আবানা মাওলিদুহা আন্‌তিবি উন্‌ছুরিহি<br>অন্ত-আদি সব উপাদান<br>পবিত্র যার পূর্ণ নূরে | أَبَانَ مَوْلِدُهُ عَنْ طِيبِ عُنْصُرِهِ |
| 2. ইয়াতিবা মুবতাদা ইম্মিন্‌হু ওয়া মুখ্‌তাতামি<br>আবির্ভাবে সেই নায়কের<br>লাগলো চমক বিশ্ব জুড়ে। | يَا طِيبَ مُبْتَدَإٍ مِنْهُ وَمُخْتَتَمِ |
| 3. ইয়াওমুন তাফার্‌রাছা ফিহিল ফুরছু আন্নাহুমু<br>উঠলো কেঁপে ইরান ভূমি<br>রইলো না আর বাকী বুঝার | يَوْمٌ تَفَرَّسَ فِيهِ الْفُرْسُ أَنَّهُمُ |
| 4. কাদ’ উন্‌জুরু বি হুলুলিল্‌ বু’ছি ওয়ান্‌নাকামি<br>মঞ্চে হাজির ন্যায়ের রাজা<br>সময় খতম অগ্নিপূজার। | قَدْ أُنْذِرُوا بِحُلُولِ الْبُؤْسِ وَالنِّقَمِ |
| 5. ওয়া বাতা ঈ ওয়ানু কিছ্‌রায়া ওয়াহ্‌ ওয়া মুন্‌ ছাদিউন<br>ধরলো ফাটল খসরু রাজের<br>বালাখানার উচ্চশিরে | وَبَاتَ إِيوَانُ كِسْرَى وَهْوَ مُنْصَدِعٌ |
| 6. কাশাম্‌লি আছ্‌হাবি কিছ্‌রায়া গায়রা মুলতায়িমি<br>লাগলো বিবাদ সৈন্যদলে<br>এলো না আর শান্তি ফিরে। | كَشَمْلِ أَصْحَابِ كِسْرَى غَيْرَ مُلْتَئِمِ |
| 7. ওয়ান্নারু খামিদাতুল্‌ আনফাছি মিন্‌ আছাফিন<br>সেই বেদনার দীর্ঘশ্বাসে<br>নিভলো পূজার বহ্নিশিখা | وَالنَّارُ خَامِدَةُ الْأَنْفَاسِ مِنْ أَسَفٍ |
| 8. আলাইহি ওয়ান্‌নাহ্‌রু ছাহি ইয়াল আইনি মিন ছাদামি<br>শুকিয়ে গেলো ফোরাত নদীর<br>সলিলধারা চলন্তিকা। | عَلَيْهِ وَالنَّهْرُ سَاهِي الْعَيْنِ مِنْ سَدَمِ |
| 9. ওয়া ছাআ ছা ওয়া তা আন গাদাত বুহাইরাতুহা<br>সাওয়া হ্রদের অম্বুরাশি<br>শুষ্ক হলো সেই বেদনায় | وَسَاءَ سَاوَةَ أَنْ غَاضَتْ بُحَيْرَتُهَا |
| 10. ওয়া রুদ্দা ওয়া রিদুহা বিল গাইজি হিন জামি<br>জলকে চলো পিয়াসু দল<br>ফিরে গেলো ভগ্ন হিয়ায়। | وَرُدَّ وَارِدُهَا بِالْغَيْظِ حِينَ ظَمِ |

| | |
|---|---|
| 11. কা আন্না বিন্নারি মা বিল্মায়ি মিন বালালিন<br>অগ্নি যেন সলিল হলো<br>সলিল পেলো রূপ আগুনের | كَأَنَّ بِالنَّارِ مَا بِالْمَاءِ مِنْ بَلَلٍ |
| 12. হুজনাও ওয়া বিল মায়ি মা বিন্নারি মিন দারামি<br>সেই বিষাদে সর্বব্যাপী<br>বইলো তুফান ইনকিলাবের। | حُزْنًا وَّبِالْمَاءِ مَا بِالنَّارِ مِنْ ضَرَمِ |
| 13. ওয়াল জিন্নু তাহ্তিফু ওয়াল আন্ওয়ারু ছাতিয়াতুন<br>জানিয়ে দিলো জিনেরা তাঁর<br>আবির্ভাবের খোশ খবরী | وَالْجِنُّ تَهْتِفُ وَالْأَنْوَارُ سَاطِعَةٌ |
| 14. ওয়াল হাক্কু ইয়াজ'হারু মিম্মা'অ না'ইয়াও ওয়ামিন কালিমি<br>ছড়িয়ে গেলো সেই বারতা<br>ত্বরিৎ বেগে ভুবন ভরি। | وَالْحَقُّ يَظْهَرُ مِنْ مَّعْنًى وَّمِنْ كَلِمِ |
| 15. আম্মু ওয়া ছাম্মু ফা'ই'লানুল বাশায়িরি লাম<br>ঘাড় বাঁকিয়ে রইলো তবু<br>অন্ধ বধির ভ্রান্ত কাফের | عَمُّوا وَصَمُّوا فَإِعْلَانُ الْبَشَائِرِ لَمْ |
| 16. তুছ্মা'অ ওয়া বারিকাতুল ইন্জারি লাম তুশামি<br>জাগালো না হৃদে সাড়া<br>দীপ্ত নিশান নবুওয়াতের। | تُسْمَعْ وَبَارِقَةُ الْإِنْذَارِ لَمْ تُشَمِ |
| 17. মিন্ বা'দি মা আখ্বারাল আক্ওয়ামা কাহিনুহুম<br>আকাশ হতে উজল তারা<br>পড়লো খসে মাটির ভূমে | مِنْ بَعْدِ مَا أَخْبَرَ الْأَقْوَامَ كَاهِنُهُمْ |
| 18. বি আন্না দিনাহুমুল মু আওওয়া জালাম ইয়াকুমি<br>দেব দেবীদের মূর্তিগুলো<br>উল্টে পড়ে জমিন চুমে। | بِأَنَّ دِيْنَهُمُ الْمُعْوَجَّ لَمْ يَقُمِ |
| 19. ওয়া বা'দা মা আ-ইয়ানু ফিল উফুকি মিন্ সুহুবিন<br>জ্যোতিষ তাদের বলেছিলো<br>ভ্রান্ত ধরম টিকবে না আর | وَبَعْدَ مَا عَايَنُوا فِي الْأُفُقِ مِنْ شُهُبٍ |
| 20. মুন্ কাদ্দাতিও ওয়াফকা মা ফিল আরদি মিন ছানামি | مُنْقَضَّةٍ وَّفْقَ مَا فِي الْأَرْضِ مِنْ صَنَمِ |

| | |
|---|---|
| তবু অটল রইলো তাতে<br>জ্ঞান করে সে মিথ্যাকে সার। | |
| 21. হাত্তাইয়া গাদা আন তারিকিল ওয়াহ্ই মুন হাজিমুন<br>শয়তানেরা নিক্ষেপিত<br>অগ্নিবাণের তীব্র জ্বালায় | حَتَّى غَدَا عَنْ طَرِيقِ الْوَحْيِ مُنْهَزِمٌ |
| 22. মিনাশ্ শাইয়াতিনি ইয়াকফূ ইছ্রা মুন হাজিমি<br>ওহীর আকাশ–সড়ক ছেড়ে<br>একের পিছে অন্যে পালায়। | مِنَ الشَّيَاطِينِ يَقْفُو إِثْرَ مُنْهَزِمِ |
| 23. কা আন্নাহুম হারাবান আবতালু আব্‌রাহাতিন<br>পালায় যথা হস্তিসেনা<br>আব্‌রাহা শা' মহাপাপীর | كَأَنَّهُمْ هَرَبًا أَبْطَالُ أَبْرَهَةٍ |
| 24. আও আছ্‌কারুন বিল হাতাইয়া মির্‌রাহাতায়হি রুমি<br>নিক্ষেপিত নবীর ধুলায়<br>কিংবা যথা পালায় কাফির। | أَوْ عَسْكَرٌ بِالْحَصَى مِنْ رَاحَتَيْهِ رُمِي |
| 25. নাব্‌জান বিহি বা'দা তাছ্‌বিইহি বিবাত্‌নিহিমা<br>ইউনুস নবীর তসবি পাঠে<br>মৎস্য যথা শীঘ্র অতি<br>উদ্‌গারি তায় ফেলল চরায়<br>অধীর হয়ে তীব্রগতি | نَبْذًا بِهِ بَعْدَ تَسْبِيحٍ بِبَطْنِهِمَا |
| 26. নাব্‌জাল মুছাব্বিহি মিন্ আহশা'ঈ মুল্‌কাতিমি<br>তেমনি নবীর হস্ত হতে<br>কাঁকরগুলো তসবিরত<br>ধাইল ত্বরা লক্ষ্যভেদী<br>তীক্ষ্ণ গতি তীরের মতো। | نَبْذَ الْمُسَبِّحِ مِنْ أَحْشَاءِ مُلْتَقِمِ |

## অধ্যায়-৫

| | |
|---|---|
| 1. জা আত লিদা'ওয়াতিহিল আশ্‌জারু ছাজিদাতান<br>চরণবিহীন বৃক্ষরাজি<br>মোর পিয়ারা নবীর ডাকে | جَاءَتْ لِدَعْوَتِهِ الْأَشْجَارُ سَاجِدَةً |
| 2. তামশি ইলাইহি আলা ছাকিন বিল আকাদামি<br>হাজির হলো কাণ্ডভরে<br>সিজদারত পত্রে শাখে। | تَمْشِي إِلَيْهِ عَلَى سَاقٍ بِلَا قَدَمِ |
| 3. কা আন্নামা ছাতারাত্‌ ছাত্‌রাল্লিমা কাতাবাত<br>আসলো তারা শির আনত<br>মুহাব্বতের গভীর টানে | كَأَنَّمَا سَطَرَتْ سَطْرًا لِّمَا كَتَبَتْ |
| 4. ফুরুউহা মিন মিন্‌ বাদিয়িল খাত্তি ফিল্‌লাকামি<br>আসলো যেন গুণ-গানের<br>পঙক্তি লিখে তাঁহার শানে। | فُرُوعُهَا مِنْ بَدِيعِ الْخَطِّ فِي اللَّقَمِ |
| 5. মিছ্‌লুল গামামাতি আন্নাইয়া ছারা ছায়িরাতান<br>রৌদ্র তাপে চলতে পথে<br>মাথার উপর বাদল এসে | مِثْلَ الْغَمَامَةِ أَنَّى سَارَ سَائِرَةً |
| 6. তাকিহি হাররা ওয়া তিছিল্‌লিল হাজিরি হামি<br>ধরতো ছায়া নিবিড়ভাবে<br>শূন্যে থেকে হাওয়ায় ভেসে! | تَقِيهِ حَرَّ وَطِيسٍ لِلْهَجِيرِ حَمِي |
| 7. আকছাম্‌তু বিল কামারিল্‌ মুন শাক্কি ইন্নালাহু<br>চাঁদ বিদারণ বুক বিদারণ<br>দুয়ের মাঝে মিল যে মেলা | أَقْسَمْتُ بِالْقَمَرِ الْمُنْشَقِّ إِنَّ لَهُ |
| 8. মিন্‌ কাল্‌বিহি নিছ্‌বাতাম্‌ মাব্‌রু রাতাল কাছামি<br>'খোদার কসম' দুই ঘটনা<br>নূরের মেলা, নূরের খেলা। | مِنْ قَلْبِهِ نِسْبَةً مَبْرُورَةَ الْقَسَمِ |
| 9. ওয়া মা হা ওয়াল গারু মিন খায়রিও ওয়া মিন কারামিন ⁕ (স্টার চিহ্ন পংতিগুলির অনুবাদ একত্রে করা হয়েছে) | وَمَا حَوَى الْغَارُ مِنْ خَيْرٍ وَمِنْ كَرَمِ |
| 10. ওয়া কুল্লা তারাফিম্‌ মিনাল্‌ কুফফারি আনহু আমি⁕ | وَكُلُّ طَرْفٍ مِنَ الْكُفَّارِ عَنْهُ عَمِي |
| 11. ফাছ্‌ছিদ্‌কু ফিল গারি ওয়াছ্‌ছাদ্দিকু লাম | فَالصِّدْقُ فِي الْغَارِ وَالصِّدِّيقُ لَمْ يُرَيَا |

| | |
|---|---|
| ইয়ুরা ইয়া* | |
| 12. ওয়াহুম ইয়াকুলুনা মা বিল গারি মিন আরামি* | وَهُمْ يَقُولُونَ مَا بِالْغَارِ مِنْ أَرَمِ |
| 13. জান্নুল হামামা ওয়া জান্নুল আন্‌কাবুতা আলা* | ظَنُّوا الْحَمَامَ وَظَنُّوا الْعَنْكَبُوتَ عَلَى |
| 14. খায়রিল বারিইয়াতি লাম লাম তান্‌ছুজ্ ওয়ালাম তাহুমি<br>সওর গিরি গুহার কোলে<br>লুকান নবী সংগোপনে<br>চিরদিনের প্রাণের সাথী<br>আবুবকর তাঁহার সনে।<br>উভয় সাথী গুহার মাঝে<br>তবু কাফির দেখতে না পায়<br>চক্ষু তাদের অন্ধ হলো<br>মহানবীর পাক মোজেযায়।<br>দেখলো তারা উর্ণনাভে<br>জাল বুনেছে গুহার মুখে<br>তারই পাশে কবুতরে<br>ডিম পেড়েছে মনের সুখে।<br>বললো তারা এই গুহাতে<br>কেউ ঢুকেনি আজ নিশীথে<br>পুরান এসব শীঘ্র চলো<br>তালাশ করি অন্য ভিতে। | خَيْرِ الْبَرِيَّةِ لَمْ تَنْسُجْ وَلَمْ تَحُمِ |
| 15. ওয়াকা ইয়াতুল্লাহি আগ্‌নাত আম্‌মুদা আফাতিন<br>শত্রুকুলের বিপুল রসদ<br>তীর তলোয়ার দুর্গ থেকে | وِقَايَةُ اللهِ أَغْنَتْ عَنْ مُضَاعَفَةٍ |
| 16. মিনাদ্দুরুই ওয়া আন আলিম্ মিনাল্ উতুমি<br>ভয়-ভীতিহীন বেপরোয়া<br>করলো খোদা তাঁর নবীকে। | مِنَ الدُّرُوعِ وَعَنْ عَالٍ مِنَ الْأُطُمِ |
| 17. মাছা মানিইয়াদ্ দাহ্‌রু দাইমাও ওয়াছ্ তাজারাতু বিহি<br>যেই বিপদে যখন আমি<br>তাঁর সমীপে চাইছি শরণ | مَا سَامَنِي الدَّهْرُ ضَيْمًا وَاسْتَجَرْتُ بِهِ |

| | |
|---|---|
| 18. ইল্লা ওয়া নিলতু জাওয়া রাম্ মিনহু লাম ইয়ুদামি<br>পেয়েছি তাঁর মদদ নিতি<br>বিফল কভু হয়নি কখন। | إِلَّا وَنِلْتُ جِوَارًا مِنْهُ لَمْ يُضَمِ |
| 19. ওয়ালাল্ তামাছ্তু গিনাদ্দারায়নি মিই'য়াদিহি<br>দুই জাহানের নিয়ামতের<br>যখনই যা দরবারে তাঁর | وَلَا الْتَمَسْتُ غِنَى الدَّارَيْنِ مِنْ يَدِهِ |
| 20. ইল্লাছ্ তালামতুন্নাদা ইয়া মিন খায়রি মুছ্তালামি<br>যাচ্না করে হাত পেতেছি<br>ব্যর্থ কভু হইনি তো আর। | إِلَّا اسْتَلَمْتُ النَّدَى مِنْ خَيْرِ مُسْتَلَمِ |
| 21. লাতুন্‌কিরিল ওয়াহ্ইয়া মির্‌রুইয়াহু ইন্নালাহু<br>স্বপ্নতেও পেতেন ওহী<br>পষ্ট দ্বিধা-দ্বন্দ্ব ছাড়া | لَا تُنْكِرِ الْوَحْيَ مِنْ رُؤْيَاهُ إِنَّ لَهُ |
| 22. কাল্‌বান ইজা নামাতিল আইনানি লাম ইয়ানুমি<br>নয়নে তাঁর নিদ এলেও<br>হৃদয় ছিলো তন্দ্রাহারা। | قَلْبًا إِذَا نَامَتِ الْعَيْنَانِ لَمْ يَنَمِ |
| 23. ওয়াজাকা হিনা বুলুগিম্ মিন্‌নুবুওয়্যাতিহি<br>অপেক্ষা শেষ—সজ্জিত মন<br>জ্যোতির্লোকের দীপ্ত ভূষায় | وَذَاكَ حِينَ بُلُوغٍ مِنْ نُبُوَّتِهِ |
| 24. ফালাইছা ইয়ুন্‌কারু ফিহি হালু মুহ্তালামি<br>স্বপ্নে ওহী শুরু হলো<br>নবুওয়াতের রাঙা ঊষায়। | فَلَيْسَ يُنْكَرُ فِيهِ حَالُ مُحْتَلِمِ |
| 25. তাবারাকা'ল্লাহু মা ওয়াহ্ইয়ুন বি মুক্‌তাছিবিন<br>খোদার সেরা দান নবুওয়াত<br>আহরণের বস্তু এ নয় | تَبَارَكَ اللّٰهُ مَا وَحْيٌ بِمُكْتَسَبٍ |
| 26. ওয়ালা নাবিয়ুন্ন আলা গাইবিন বি মুত্তাহামি<br>গায়বী কথা কয় না নবী<br>খোদার ওহী কণ্ঠে শোনায়। | وَلَا نَبِيٌّ عَلَى غَيْبٍ بِمُتَّهَمِ |
| 27. আইয়াতুহুল গুররুল আইয়াখফা আলা আহাদিন<br>মোজেযা তাঁর পষ্টতর<br>দীপ্ত উজল চিহ্ন হকের | آيَاتُهُ الْغُرُّ لَا يَخْفَى عَلَى أَحَدٍ |

| | |
|---|---|
| 28. বিদুনিহাল আদলু বাইনান্নাছি লাম ইয়াকুমি<br>কায়েম ছিলো সাধ্যাতীত<br>এই ব্যতীত সত্য ন্যায়ের। | بِدُونِهَا الْعَدْلُ بَيْنَ النَّاسِ لَمْ يَقُمِ |
| 29. কাম আব্‌রাআত ওয়া ছিবান বিল্লামছি রাহাতুহু<br>কতোই হলো রোগ নিরাময়<br>তাঁহার হাতের পরশ মেখে | كَمْ أَبْرَأَتْ وَصِبًا بِاللَّمْسِ رَاحَتُهُ |
| 30. ওয়া আতলাকাত আরবাম মির্‌রিবকা তিল্লামামি<br>কতো পাগল মুক্তি পেলো<br>উম্মাদনার শেকল থেকে। | وَأَطْلَقَتْ أَرَبًا مِنْ رِبْقَةِ اللَّمَمِ |
| 31. ওয়া আহ ইয়া তিছ্‌ছানাতাশ শাহবাআ দা'ওয়াতুহু<br>খরায় মরা আকাল ভরা<br>বর্ষ কতো সর্বনেশে | وَأَحْيَتِ السَّنَةَ الشَّهْبَاءَ دَعْوَتُهُ |
| 32. হাত্তাইয়া হাকাত্‌ গুররাতান ফিল উ'ছুরিদ্দুহুমি<br>দোয়াতে তাঁর জীবন পেলো<br>ফুল-ফসলে উঠলো হেসে। | حَتَّى حَكَتْ غُرَّةً فِي الْأَعْصُرِ الدُّهُمِ |
| 33. বি আরিদিন জাদা আও খিলতাল্‌ বিতাহাবিহা<br>সেই দোয়াতে বিষ্টি জলের<br>ঢল বয়ে যায় বাঁধনহারা | بِعَارِضٍ جَادَ أَوْ خِلْتَ الْبِطَاحَ بِهَا |
| 34. ছাইবাম মিনাল্‌ ইয়াম্মি আও ছাইলাম্‌ মিনাল্‌ আরামি<br>'এরেম' বাঁধের দেয়াল ভেঙে<br>বইল যেমন বন্যাধারা। | سَيْبًا مِنَ الْيَمِّ أَوْ سَيْلًا مِنَ الْعَرِمِ |

# অধ্যায়-৬

| | |
|---|---|
| 1. দা'নিইয়া ওয়া ওয়াছ্ ফিইয়া আইয়াতিল্লাহু জাহারাত<br>গিরি শিখর উজল করা<br>দিক-দিশারী অগ্নি যথা | دَعْنِي وَوَصْفِي آيَاتٍ لَهُ ظَهَرَتْ |
| 2. জুহুরা নারিল কিরা ইয়া লাইলান আলা আলামি<br>দাও আমাকে বলতে এবার<br>পুণ্যে ভরা সে সব কথা। | ظُهُورَ نَارِ الْقِرَى لَيْلًا عَلَى عَلَمِ |
| 3. ফাদ্দুররু ইয়াজদাদু হুছনাও ওয়াহ ওয়া মুন্‌তাজিমুন<br>মুক্তো মানিক গাঁথলে মালায়<br>বাড়ে বটে তাহার শোভা<br>না গাঁথলেও দীপ্তি সমান<br>একই সমান মনোলোভা | فَالدُّرُّ يَزْدَادُ حُسْنًا وَهْوَ مُنْتَظِمٌ |
| 4. ওয়া লায়ছা ইয়ান কুছু কাদরান ওয়াহ ওয়া গায়রু মুন তাজিমি<br>তেমনি কুরান করলে বয়ান<br>দীপ্তি বাড়ে লোক সমাজের<br>না করলেও বয়ান তাতে<br>কোনই ক্ষতি নেই কুরআনের। | وَلَيْسَ يَنْقُصُ قَدْرًا وَهْوَ غَيْرُ مُنْتَظِمِ |
| 5. ফামাতাতা ওয়ালু আমালুল মাদিহি ইলা<br>মহিমা তার এতোই বেশী<br>উচ্চ এতো তাঁর মহাশির | فَمَا تَطَاوَلُ آمَالُ الْمَدِيحِ إِلَى |
| 6. মা ফিহি মিন কারামিল্ আখলাকি ওয়াশ্‌শিয়ামি<br>পায় কি কভু নাগাল তাঁহার<br>কল্পনাতে কোনো কবির? | مَا فِيهِ مِنْ كَرَمِ الْأَخْلَاقِ وَالشِّيَمِ |
| 7. আইয়াতু হাক্কিম মিনার্ রাহমানই মুহদাছাতুন<br>অনাদি সেই সত্তা সম<br>কালাম 'কাদিম' শুরুবিহীন | آيَاتُ حَقٍّ مِنَ الرَّحْمٰنِ مُحْدَثَةٌ |
| 8. কাদিমাতুন ছিফতুল্ মাওছুফি বিল কিদামি<br>অথচ তার অর্থমালা<br>চির নতুন, চির নবীন। | قَدِيمَةٌ صِفَةُ الْمَوْصُوفِ بِالْقِدَمِ |
| 9. লাম তাক্‌তারিন বিজামানিও ওয়াহিইয়া তুখবিরুনা | لَمْ تَقْتَرِنْ بِزَمَانٍ وَهْيَ تُخْبِرُنَا |

| | |
|---|---|
| মুক্ত কালের পাঞ্জা থেকে<br>তবু আছে বার্তা কালের | |
| 10. আনিল মাআদি ওয়া আন আদিও ওয়া আন্ ইরামি<br>খবর আছে বিচার দিনের<br>আছে খবর 'আদ' 'এরেমের'। | عَنِ الْمَعَادِ وَعَنْ عَادٍ وَعَنْ إِرَمِ |
| 11. দামাত লাদাইনা ফাফাকাত কুল্লু মু'জিজাতিন<br>সব কিতাবের শ্রেষ্ঠ কিতাব<br>শ্রেষ্ঠ এ যে সব মোজেযার | دَامَتْ لَدَيْنَا فَفَاقَتْ كُلَّ مُعْجِزَةٍ |
| 12. মিন্নাবিইনা ইজ' জাআত ওয়ালাম তাদুমি<br>শেষ হয়েছে সব মোজেযা<br>হবে না শেষ মোজেযা তাঁর। | مِنَ النَّبِيِّينَ إِذْ جَاءَتْ وَلَمْ تَدُمِ |
| 13. মুহ্কামাতুন ফামা তাবকিনা মিন শুবাতিন<br>আয়াতমালা পষ্টতর<br>বিন্দুও লেশ নেই জড়তার | مُحَكَّمَاتٌ فَمَا تُبْقِينَ مِنْ شُبَهٍ |
| 14. লিজিই শিকাকিও ওয়ালা ইয়াবগাইনা মিন হাকামি<br>সব বিচারের উর্ধ্বে কুরান<br>উর্ধ্বে সকল দ্বন্দ্ব-দ্বিধার। | لِذِي شِقَاقٍ وَلَا يَبْغِينَ مِنْ حَكَمِ |
| 15. মাহুরিবাত কাত্তু ইল্লা আদামিন হারাবিন<br>নামলো যখন অরাতিকুল<br>মোকাবেলায় এই কিতাবের | مَا حُورِبَتْ قَطُّ إِلَّا عَادَ مِنْ حَرَبٍ |
| 16. আ'দা ইয়াল আ আদি ইলাইহা মুল্কি ইয়াছ্ছালামি<br>বাধ্য হলো সন্ধি করায়<br>ক্লান্তি বয়ে পরাজয়ের। | أَعْدَى الْأَعَادِي إِلَيْهَا مُلْقِيَ السَّلَمِ |
| 17. রাদ্দাত বালাগাতুহা দা'ওয়া ইয়া মুয়ারিদিহা<br>সম্মানী বীর দুরাচারের<br>হামলা যেমন ব্যর্থ করে<br>মর্যাদা-মান পরিবারের<br>রক্ষা করে সৌর্য ভরে | رَدَّتْ بَلَاغَتُهَا دَعْوَى مُعَارِضِهَا |
| 18. রাদ্দাল গা ইউরি ইয়াদাল জানি আনিল হারামি<br>তেমনি কুরান ভাষা এবং<br>অলংকারে তার অনাবিল<br>বিরোধীদের সকল চ্যালেঞ্জ<br>অলীক দাবী করলো বাতিল। | رَدَّ الْغَيُورِ يَدَ الْجَانِي عَنِ الْحُرَمِ |

| | |
|---|---|
| 19. লাহা মাআনিন কামাওজিল বাহ্‌রি ফি মাদাদিন<br>নিতুই বাড়ে মর্ম-মানে<br>উর্মি সম নীল সাগরের | لَهَا مَعَانٍ كَمَوْجِ الْبَحْرِ فِي مَدَدٍ |
| 20. ওয়া ফাওকা জাও হারিহি ফিল হুছনি ওয়াল কিয়ামি<br>হীরে মোতি পান্না থেকে<br>কান্তি কিমত ঢের বেশী এর। | وَفَوْقَ جَوْهَرِهِ فِي الْحُسْنِ وَالْقِيَمِ |
| 21. ফামা তাউদ্দু ওয়ালা তুহতাইয়া আজাইবুহা<br>নেই অবসাদ তিলাওয়াতে<br>অবাক অবাক মর্মে ভরা | فَمَا تُعَدُّ وَلَا تُحْصَى عَجَائِبُهَا |
| 22. ওয়ালা তুছামু আলা ইলাল্ আক্‌ছারি বিছ্‌ছালামি<br>এর অবদান বিপুল বিশাল<br>হিসাব নিকাশ যায় না করা। | وَلَا تُسَامُ عَلَى الْإِكْثَارِ بِالسَّأَمِ |
| 23. কাররাত বিহা আইনু কারিহা ফাকুলতু লাহু<br>নয়ন শীতল হয় পঠনে<br>বলছি শোনো পাঠকদেরে | قَرَّتْ بِهَا عَيْنُ قَارِيهَا فَقُلْتُ لَهُ |
| 24. লাকাদ জাফিরতা বিহাব্‌লিল্লাহি ফি'তাছিমি<br>ধরেছো ঠিক অটুট রশি<br>দিও না এই রজ্জু ছেড়ে। | لَقَدْ ظَفِرْتَ بِحَبْلِ اللهِ فَاعْتَصِمِ |
| 25. ইন্‌তাতলুহা খিফাতাম্ মিন্ হার্‌রি নারি লাজা ইয়া<br>এর তিলাওয়াত দেয় নিভিয়ে<br>জাহান্নামের অগ্নিশিখা | إِنْ تَتْلُهَا خِيفَةً مِنْ حَرِّ نَارِ لَظَى |
| 26. আত্‌ফা'তা হাররালাজা ইয়া মিউ বিরদিহিশ্ শাবিমি<br>ভাগ্য দুয়ার দেয় খুলে এ<br>পরায় ভালে বিজয়টিকা। | أَطْفَأْتَ حَرَّ لَظًى مِنْ وِرْدِهَا الشَّبِمِ |
| 27. কা আন্নাহাল হাওদু তাব ইয়াদ্দুল বুজুহুবিহি<br>জান্নাতী জাম কাওছারের এ<br>স্বচ্ছ শীতল পুণ্যধারা | كَأَنَّهَا الْحَوْضُ تَبْيَضُّ الْوُجُوهُ بِهِ |
| 28. মিনাল উছ্‌াতি ওয়া কাদ জা উ হু কাল হুমামি<br>হয় উজালা এর পরশে<br>পাপীর কালো রূপ চেহারা। | مِنَ الْعُصَاةِ وَقَدْ جَاءُوهُ كَالْحُمَمِ |
| 29. ওয়া কাছ্‌ছিরাতি ওয়া কাল্ মিজানি মা'দিলাতান | وَكَالصِّرَاطِ وَكَالْمِيزَانِ مَعْدِلَةً |

| | |
|---|---|
| ন্যায়বিচারের নিক্তি সঠিক<br>সূক্ষ্ম সড়ক পুলসিরাতের | |
| 30. ফাল কিছ্তু মিন গায়রি হা ফিন্নাছি লাম্ ইয়াকুমি<br>ফরক্বকারী ঈমান-কুফর<br>আলো-আঁধার, হক-বাতিলের। | فَالْقِسْطُ مِنْ غَيْرِهَا فِي النَّاسِ لَمْ يَقُمِ |
| 31. লা তা’জাবান লিহাছুদির রাহা ইউন্‌কিরুহা<br>বিদ্যাবিনোদ ধীমান কাফের<br>ঝুট বলে যে এই কুরানে | لَاتَعْجَبَنْ لِحَسُودٍ رَّاحَ يُنْكِرُهَا |
| 32. তাজাহুল আও ওয়াহ ওয়া আয়নুল হাজিকিল ফাহিমি<br>হিংসা-দ্বেষের ফল তা শুধু<br>মনে ঠিকই সত্য জানে। | تَجَاهُلاً وَّهُوَ عَيْنُ الْحَاذِقِ الْفَهِمِ |
| 33. কাদ তুন্ কিরুল আয়নু দাও আশ্শাম্ছি মির্‌রামাদিন<br>চক্ষু পীড়ায় রোগীর কাছে<br>খারাপ লাগে সূর্য-আলো<br>রোগের দরুন মিঠে জলও<br>লাগে না আর জিভে ভালো | قَدْ تُنْكِرُ الْعَيْنُ ضَوْءَ الشَّمْسِ مِنْ رَّمَدٍ |
| 34. ওয়া ইয়ুন কিরুল ফামু তা’মাল্ মা ই মিন ছাকামি<br>তেমনি যতো পীড়িত জন<br>হৃদে যাদের ব্যারাম আছে<br>এই কুরানের মধুর বাণী<br>লাগবে খারাপ তাদের কাছে। | وَّيُنْكِرُ الْفَمُ طَعْمَ الْمَآءِ مِنْ سَقَمِ |

## অধ্যায়-৭

| | |
|---|---|
| 1. ইয়া খায়রা মাই- ইয়াম্মাল আফুনা ছাহাতাহু<br>উট হাঁকিয়ে, পায়দলে কেউ<br>সুদূর মরু দিয়ে পাড়ি | يَا خَيْرَ مَنْ يَمَّمَ الْعَافُونَ سَاحَتَهُ |
| 2. ছা'ইয়াও ওয়া ফাওকা মুতুনিল্ আইনুকির রুছুমি<br>তোমার দ্বারে দানের আশে<br>ভিড় করে সব যাচ্‌নাকারী। | سَعْيًا وَفَوْقَ مُتُونِ الْأَيْنُقِ الرُّسُمِ |
| 3. ওয়ামান হু ওয়াল আয়াতুল কুব্‌রা ইয়া লিল মু'তাবিরিন<br>তুমি সেরা নজির নিশান<br>ধ্যানী-জ্ঞানী চিন্তাবিদের | وَمَنْ هُوَ الْآيَةُ الْكُبْرٰى لِمُعْتَبِرٍ |
| 4. বুমান হু ওয়ান্নি'মাতুল উজমাইয়া লিল মুগতানিমি<br>শ্রেষ্ঠতর বিভব তুমি<br>ভদ্র মানী সম্মানীদের। | وَمَنْ هُوَ النِّعْمَةُ الْعُظْمٰى لِمُغْتَنِمِ |
| 5. ছারাইতা মিন হারামিল লাইলান ইলা হারামি<br>পৌছলে রাতে এক হারামে<br>আর হারামের প্রান্ত ছাড়ি | سَرَيْتَ مِنْ حَرَمٍ لَيْلًا إِلَى حَرَمِ |
| 6. কামা ছারা ইয়াল বাদ্‌রু ফি দা জিম্মিনাজ জুলামি<br>পূর্ণমাসী চন্দ্র যেমন<br>রাত-সাগরে জমায় পাড়ি। | كَمَا سَرَى الْبَدْرُ فِي دَاجٍ مِنَ الظُّلَمِ |
| 7. ওয়া বিত্তা তারকা ইয়া ইলা আন্ নিলতা মান্‌জিলাতান<br>পৌছলে 'কাবা কাওসাইনে'<br>দরবারে খোদ আল্লা' অলার | وَبِتَّ تَرْقَى إِلَى أَنْ نِلْتَ مَنْزِلَةً |
| 8. মিন্ কবা কাও ছাইনি লাম তুদ্‌রাক ওয়ালাম তুরামি<br>অবাক সফর ভূমণ্ডলে<br>করেনি কেউ কল্পনা যার। | مِنْ قَابِ قَوْسَيْنِ لَمْ تُدْرَكْ وَلَمْ تُرَمِ |
| 9. ওয়া কাদ্দামাতকা জামিউল আনবিইয়া ই বিহি<br>নবী সমাজ তোমায় নিয়ে<br>করলো খাড়া সবার আগে | وَقَدَّمَتْكَ جَمِيعُ الْأَنْبِيَاءِ بِهَا |
| 10. ওয়ার রুছুলি তাকদিমা মাখ্‌দুমিন আলা খাদামি | وَالرُّسْلِ تَقْدِيمَ مَخْدُومٍ عَلَى خَدَمِ |

| | |
|---|---|
| ভৃত্য যেমন প্রভুকে তার<br>দেয় এগিয়ে অগ্রভাগে। | |
| 11. ওয়া আন্‌তা তাখতারিকুছ্ ছাব্‌আত্‌তিবাকা বিহিম<br>সপ্ত আকাশ করলে সফর<br>ফেরেশতাদের মিছিল লয়ে | وَأَنْتَ تَخْتَرِقُ السَّبْعَ الطِّبَاقَ بِهِمْ |
| 12. ফি মাওকাবিন কুন্‌তা ফিহি ছাহিবাল আলামি<br>যেমনি চলে সেনাপতি<br>সবার আগে ঝাণ্ডা বয়ে। | فِي مَوْكِبٍ كُنْتَ فِيهِ صَاحِبَ الْعَلَمِ |
| 13. হাত্তা ইয়া ইজা লাম তাদা’ শা’ ওয়াল্লি মুছ্‌তাবিকিন<br>অবশেষে পৌছলে খোদার<br>নিকট থেকে নিকট আরো | حَتَّى إِذَا لَمْ تَدَعْ شَأْوًا لِّمُسْتَبِقٍ |
| 14. মিনাদ্দুনুবি ওয়ালা মার কা ইয়া লিমুছ্‌তানিমি<br>পৌছা যেথায় হয়নি এবং<br>হবে না আর সাধ্য কারো। | مِنَ الدُّنُوِّ وَلَا مَرْقًى لِّمُسْتَنِمِ |
| 15. খাফাদ্‌তা কুল্লা মাকামিন বিল ইদাফাতি ইজ্<br>সবায় পিছে ফেল্‌লে তুমি<br>নেই তুলনা কারুর সনে | خَفَضْتَ كُلَّ مَقَامٍ بِالْإِضَافَةِ إِذْ |
| 16. নুদিতা বির্ রাফ’ই মিছ্‌লাল মুফ্‌রাদিল আলামি<br>ধন্য তুমি ‘আরশে আলায়’<br>একক রূপে আমন্ত্রণে। | نُودِيتَ بِالرَّفْعِ مِثْلَ الْمُفْرَدِ الْعَلَمِ |
| 17. কাইমা তাফুজাবি ওয়াছ্ লিন আই’ই মুছ্‌তাতিরিন<br>সংগোপনে পার্শ্বে নিয়ে<br>দিলেন খুলে রহস্য দ্বার | كَيْمَا تَفُوزَ بِوَصْلٍ أَيِّ مُسْتَتِرٍ |
| 18. আনাল উ ইউন ওয়া ছার্‌রিন আই’ই মুক্‌তাতিমি<br>নেই ক্ষমতা তুমি ছাড়া<br>কারুরই তা জানার বুঝার। | عَنِ الْعُيُونِ وَسِرٍّ أَيِّ مُكْتَتِمِ |
| 19. ফা হুজতা কুল্লা ফি খারিন গায়রা মুশ্‌তারাকিন<br>কামালতের সোপানরাজি<br>নীরব ধ্যানে সব হয়ে পার | فَحُزْتَ كُلَّ فَخَارٍ غَيْرَ مُشْتَرَكٍ |
| 20. ওয়া জুজতা কুল্লা মাকামিন গায়রা মুজ্‌দাহামি | وَجُزْتَ كُلَّ مَقَامٍ غَيْرَ مُزْدَحَمِ |

| | |
|---|---|
| পৌছলে তুমি এককভাবে<br>শীর্ষ চূড়ে সব মহিমার। | |
| 21. ওয়া জাল্লা মিকদারু মা বুল্লিয়াতা মির রুতাবিন<br>দিলেন তোমায় যেই নিয়ামত<br>নেই যে কোনো তুলনা তার | وَجَلَّ مِقْدَارُ مَا وُلِّيتَ مِنْ رُتَبٍ |
| 22. ওয়া আজ্জা ইদ্‌রাকু মা উলি-ইয়াতা মিন্‌নিয়ামি<br>পেয়েছো তা একাই তুমি<br>কাউকে দেয়া হয় নি যে আর। | وَعَزَّ إِدْرَاكُ مَا أُولِيتَ مِنْ نِعَمِ |
| 23. বুশ্‌রাইয়া লানান্‌ মা'শারাল ইছ্‌লামি ইন্নালানান<br>ভাগ্য দারাজ এ মিল্লাতের<br>খোদার প্রিয় রাসূল আমীন | بُشْرَى لَنَا مَعْشَرَ الْإِسْلَامِ إِنَّ لَنَا |
| 24. মিনাল ইনা ইয়া তিরুক-নান গায়রা মুন হাদামি<br>করলো কায়েম এমন খুঁটি<br>ধ্বংস যাহার নেই কোনো দিন। | مِنَ الْعِنَايَةِ رُكْنًا غَيْرَ مُنْهَدِمِ |
| 25. আম্মা দাআ ইয়াল্লাহু দা-ইনা লিতা আতিহি<br>খোদার দয়ায় মোদের রাসূল<br>সব রাসূলের সেরা রাসূল | لَمَّا دَعَى اللَّهُ دَاعِينَا لِطَاعَتِهِ |
| 26. বি আক'রামির্‌ রুছুলি কুন্না আক্‌রামাল্‌ উমামি<br>তেমনি মোরা সকল জাতির<br>সেরা জাতি নেই তাতে ভুল। | بِأَكْرَمِ الرُّسْلِ كُنَّا أَكْرَمَ الْأُمَمِ |

# অধ্যায়-৮

| | |
|---|---|
| 1. রাআত্ কুলুবাল ইদা ইয়া আন্‌বা উ বি'ছাতিহি<br>আবির্ভাবে বিশ্বনবীর<br>কাঁপল হিয়া অরাতিদের | رَاعَتْ قُلُوبَ الْعِدٰى أَنْبَآءُ بِعْثَتِهِ |
| 2. কানাব্‌আতিন আজফালাত গুফ্‌লাম মিনাল্ গানামি<br>কাঁপে যেমন মেষের হিয়া<br>ঘোর নিনাদে সিংহরাজের। | كَنَبْأَةٍ أَجْفَلَتْ غُفْلًا مِّنَ الْغَنَمِ |
| 3. মাজালা ইয়াল্‌কা হুমু ফি কুল্লি মু'তারাকিন<br>বীর নবীজীর মোকাবেলায়<br>শত্রুসেনা যুদ্ধ মাঠে | مَا زَالَ يَلْقَاهُمْ فِي كُلِّ مُعْتَرَكٍ |
| 4. হাত্তা ইয়া হাকুবিল্ কাফা লাহ্‌মান আলা ইয়া ওয়া দামী<br>চূর্ণ হতো, চূর্ণিত হয়<br>গোশ্‌ত যেমন কসাই-কাঠে। | حَتّٰى حَكَوْا بِالْقَنَا لَحْمًا عَلٰى وَضَمِ |
| 5. ওয়াদ্দুল্ ফিরারা ফাকাদু ইয়াগবিতুনা বিহি<br>প্রতি লড়াই শত্রুকুলের<br>ঘোর পরাজয় আনতো বয়ে | وَدُّوا الْفِرَارَ فَكَادُوا يَغْبِطُونَ بِهِ |
| 6. আশ্‌লাআ শালাত্ মাআল ইকবানি ওয়াররুখামি<br>ভাবতো যদি পালান্ যেতো<br>চিল-শকুনের সংগী হয়ে। | أَشْلَاءَ شَالَتْ مَعَ الْعِقْبَانِ وَالرَّخَمِ |
| 7. তামদি ইয়াল্লা ইয়ালি ওয়ালা ইয়াদ্‌রুনা ইদ্দাতাহা<br>শঙ্কিত মন দিশেহারা<br>এতোই ছিলো শত্রু কাফের | تَمْضِي اللَّيَالِي وَلَا يَدْرُونَ عِدَّتَهَا |
| 8. মালাম তাকুন্মি মিল্লাই লিল আশ্‌হুরিল হুরুমি<br>ভুলে যেতো রাতের খবর<br>সময় ছাড়া হারাম মাসের। | مَا لَمْ تَكُنْ مِّنْ لَّيَالِي الْأَشْهُرِ الْحُرُمِ |
| 9. কা'আন্নামাদ্‌দিনু দাইফুন হাল্লা ছাহাতাহুম<br>সেই বাহাদুর জংগী সেনার<br>অতিথ রূপে ছিলো এ দ্বীন | كَأَنَّمَا الدِّينُ ضَيْفٌ حَلَّ سَاحَتَهُمْ |
| 10. বি কুল্লি কারমিন ইলা লাহ্‌মিল আদা কারিমি | بِكُلِّ قَرْمٍ إِلٰى لَحْمِ الْعِدَا قَرِمِ |

| | |
|---|---|
| বৈরী সেনার রক্ত লোভী<br>ছিলো যারা যুদ্ধকালীন। | |
| 11. ইয়া জুররু বাহ্‌রা খামিছিন ফাওকা ছাবিহাতিন<br>করতো তারা হামলা ভীষণ<br>আরবী তাজী অশ্বে চড়ে | يَجُرُّ بَحْرَ خَمِيسٍ فَوْقَ سَابِحَةٍ |
| 12. তার্‌মি বি মাওজিম মিনাল্‌ আবতালি মুলতাতিমি<br>সাগর বেলায় ঊর্মি যথা<br>ক্রুদ্ধ রোষে আছড়ে পড়ে। | تَرْمِي بِمَوْجٍ مِّنَ الْأَبْطَالِ مُلْتَطِمِ |
| 13. মিন্‌ কুল্লি মুন্‌তাদি বিল্লাহি মুহতাছিবিন<br>আত্মত্যাগী, পুণ্যকামী<br>বীর মুজাহিদ মর্দে মুমিন | مِنْ كُلِّ مُنْتَدِبٍ لِلّٰهِ مُحْتَسِبٍ |
| 14. ইয়াছ্‌তু বিমুছ্‌ তা’ ছিলিল লিল কুফ্‌রি মুছ্‌তালিমি<br>ক্ষীপ্র বেগে আঘাত হেনে<br>সব কুফরী করলো বিলীন। | يَسْطُو بِمُسْتَأْصِلٍ لِلْكُفْرِ مُصْطَلِمِ |
| 15. হাত্তা ইয়া গাদাত্‌ মিল্লাতুল ইছ্‌লামি ওয়া হিইয়া বিহিম<br>মিটলো দ্বীনের দৈন্যদশা<br>পূর্ণ হলো হিম্মতে মন | حَتَّى غَدَتْ مِلَّةُ الْإِسْلَامِ وَهِيَ بِهِمْ |
| 16. মিন্‌ বা’দি গুরবাতিহা মাওছুলাতার রাহিমি<br>ফিরলো সুদিন মিললো বহু<br>সংগী সাথী বন্ধু স্বজন। | مِّنْ بَعْدِ غُرْبَتِهَا مَوْصُولَةَ الرَّحِمِ |
| 17. মাকফুলাতান আবাদাম্ম মিনহুম বি খায়রি আবিন<br>পতির ছায়ে পত্নী যেমন<br>রয় নিরাপদ শঙ্কাহারা | مَكْفُولَةً أَبَدًا مِّنْهُمْ بِخَيْرِ أَبٍ |
| 18. ওয়া খায়রি বা’লিন ফালাম তাবতাম্‌ ওয়ালাম তা-ইমি<br>আমান হলো খোদার এ দ্বীন<br>তাঁদের ছায়ে তেমনি ধারা। | وَّخَيْرِ بَعْلٍ فَلَمْ تَيْتَمْ وَلَمْ تَئِمِ |
| 19. হুমুল জিবালু ফাছাল্‌ আনহুম মাছাদিমাহুম<br>শত্রু সনে যুদ্ধকালে<br>কেমন ছিলো অটল পাহাড় | هُمُ الْجِبَالُ فَسَلْ عَنْهُمْ مَّصَادِمَهُمْ |

| | |
|---|---|
| 20. মাজারাআ ইয়া মিনহুম ফি কুল্লি মুছ্‌তাদিমি<br>শুধাও রণ ভূমির কাছে<br>পাবে অনেক সাক্ষী তাহার। | مَّاذَا رَأَى مِنْهُمُ فِي كُلِّ مُصْطَدِمِ |
| 21. ফাছাল্ হুনায়নাও ওয়া ছাল্ বাদ্‌রাও ওয়া ছাল্ উহুদান<br>বদর ওহুদ হুনায়েনের<br>মাঠের কাছে শুধাও তুমি | فَسَلْ حُنَيْنًا وَّسَلْ بَدْرًا وَّسَلْ أُحُدًا |
| 22. ফুছুলা হাতফিল্লাহুম আদ্‌হা ইয়া মিনাল্ ওয়াখামি<br>বলবে তা সব কাফির সেনার<br>প্লেগ–ভয়াল বধ্যভূমি। | فُصُولَ حَتْفٍ لَّهُمْ أَدْهَى مِنَ الْوَخَمِ |
| 23. আল্ মুছ্‌দিরি ইয়াল বিদি হুম্‌রান বা'দা মা ওয়ারাদাত<br>হলো তাদের আক্রমণে<br>শুভ্র শ্বেত সব তরোয়াল | الْمُصْدِرِي الْبِيضِ حُمْرًا بَعْدَمَا وَرَدَتْ |
| 24. মিনাল্ ইদা ইয়া কুল্লা মুছ্‌ওয়াদ্দিম মিনাল্লিমামি<br>কৃষ্ণ–চিকুর তরুণ তাজা<br>শত্রু সেনার রক্তে যে লাল। | مِنَ الْعِدَى كُلَّ مُسْوَدٍّ مِّنَ اللِّمَمِ |
| 25. ওয়াল কাতিবিনা বি ছুম্‌রিল খাত্তি মা তারাকাত<br>তাদের যতো পীত বরণ<br>তীরের ফলা তীক্ষ্ণতর | وَالْكَاتِبِينَ بِسُمْرِ الْخَطِّ مَا تَرَكَتْ |
| 26. আক্‌লা আমুহুম হারফা জিছ্‌মিন গায়রা মুন আজিমি<br>ব্যূহে পশি বৈরিকুলের<br>করলো তনু জরজর। | أَقْلَامُهُمْ حَرْفَ جِسْمٍ غَيْرَ مُنْعَجِمِ |
| 27. শাকিইয়াছ্ ছিলাহি লাহুম ছিইয়ামা তামাইয়্যুজিহিম<br>কাফির থেকে ভিন্ন তাদের<br>করলো সজুদ চিহ্ন ভালের | شَاكِي السِّلَاحِ لَهُمْ سِيمَا تُمَيِّزُهُمْ |
| 28. ওয়াল ওয়ারদু ইয়ামতাজু বিছ্‌ছি ইয়ামা মিনাছ্ ছালামি<br>বাবুল কাঁটার মধ্যে যেমন<br>ভিন্ন শোভা লাল গোলাপের। | وَالْوَرْدُ يَمْتَازُ بِالسِّيمَا مِنَ السَّلَمِ |
| 29. তুহদি ইয়া ইলাইকা রিইয়া হুন্নাছ্‌রি নাশ্‌রাহুম<br>ছড়িয়ে যতো বিজয় খবর<br>বের হলেই অভিযানে | تُهْدِي إِلَيْكَ رِيَاحُ النَّصْرِ نَشْرَهُمُ |

| | |
|---|---|
| 30. ফাতাহ্‌ছিবুজ্‌ জাহ্‌রা ফিল আক্‌মামি কুল্লাকামি<br>উতাল বায়ে ছড়ায় যথা<br>গোলাপ সুবাস সর্বখানে। | فَتَحْسِبُ الزَّهْرَ فِي الأَكْمَامِ كُلَّ كَمِ |
| 31. কা আন্নাহুম ফি জুহুরিল খায়লি নাব তুরুবান<br>অশ্ব পিঠে থাকতো লেগে<br>অটল আসন নিটোল কায়ে | كَأَنَّهُمْ فِي ظُهُورِ الْخَيْلِ نَبْتُ رُبًا |
| 32. মিন্‌ শিদ্দাতিল্‌ হাজ্‌মি লা মিন্‌ শাদ্দাতিল্‌ হুজামি<br>তৃণ যেমন লেপটে থাকে<br>শেকড় গেড়ে টিলার গায়ে। | مِّنْ شِدَّةِ الْحَزْمِ لَا مِنْ شَدَّةِ الْحُزُمِ |
| 33. তারাত্‌ কুলুবুল্‌ ইদা ইয়া মিন্‌ বা'ছিহিম ফারাকান<br>ভড়কে গেলো এমনি কাফির<br>চড়তে দেখে ছাগল ছানা | طَارَتْ قُلُوبُ الْعِدٰى مِنْ بَأْسِهِمْ فَرَقًا |
| 34. ফামা তুফার্‌রিকু বাইনাল বাহ্‌মি ওয়াল বুহ্‌মি<br>ভয় পালাতো—ভাবতো মনে<br>আসছে মুমিন দিচ্ছে হানা। | فَمَا تُفَرِّقُ بَيْنَ الْبَهْمِ وَالْبُهُمِ |
| 35. ওয়া মান তাকান বি রাছুলিল্লাহি নুছ্‌রাতুহু<br>নবীর মদদ পেলো যারা<br>দেখা হলে তাদের সনে | وَمَنْ تَكُنْ بِرَسُولِ اللهِ نُصْرَتُهُ |
| 36. ইন্‌ তাল্‌কাহুল উছ্‌দু ফি-ই আজামিহা তাজিমি<br>যায় পালিয়ে সিংহ রাজও<br>জানের ভয়ে গভীর বনে। | إِنْ تَلْقَهُ الْأُسْدُ فِي آجَامِهَا تَجِمِ |
| 37. ওয়ালান্‌ তারা ইয়া মিও ওয়ালিইয়্যিন গায়রা মুন্‌তাছিরিন<br>এমন সাথী নেই নবীজীর<br>কোনো মদদ পায়নি যে তার | وَلَنْ تَرٰى مِنْ وَّلِيٍّ غَيْرَ مُنْتَصِرٍ |
| 38. বিহি ওয়ালা মিন আদুওবিন গায়রা মুন কাছিমি<br>নেই অরি তাঁর এমন কোনো<br>হয়নি ক্ষতি বরবাদী যার। | بِهِ وَلَا مِنْ عَدُوٍّ غَيْرَ مُنْقَسِمِ |
| 39. আহাল্লা উম্মাতাহু ফি হিজ্‌জি মিল্লাতিহি<br>রাখলো দ্বীনের দুর্গ মাঝে<br>নিরাপদে শিষ্যগণে | أَحَلَّ أُمَّتَهُ فِي حِرْزِ مِلَّتِهِ |

| | |
|---|---|
| 40. কাল্লায়ছি হাল্লা মাআল আশ্‌বালি ফি আজামি<br>সিংহ যথা নিরাপদে<br>রাখে শাবক গভীর বনে। | كَاللَّيْثِ حَلَّ مَعَ الأَشْبَالِ فِي أَجَمِ |
| 41. কাম্ জাদ্দালাত' কালিমাতুল্লাহি মিন জাদালিন<br>হারিয়ে দিলো দ্বন্দ্বে কুরান<br>বৈরীদেরে অসংখ্য বার | كَمْ جَدَّلَتْ كَلِمَاتُ اللهِ مِنْ جَدَلٍ |
| 42. ফিহি ওয়া কাম খাছ্‌ছামাল বুর্‌হানু মিন্ খাছামি<br>কতোই হলো পরাভূত<br>শত্রু খর যুক্তিতে তাঁর। | فِيهِ وَكَمْ خَصَّمَ الْبُرْهَانُ مِنْ خَصِمِ |
| 43. কাফাকা বিল ইল্‌মি ফিল উম্মিয়ি মু'জিজাতান<br>এতীম অনাথ উম্মী আবার<br>আঁধার ঢাকা আরব ভূমি | كَفَاكَ بِالْعِلْمِ فِي الأُمِّيِّ مُعْجِزَةً |
| 44. ফি আল জাহিলিয়্যাতি ওয়াত্তা' দিবি ফিল ইউতুমি<br>কী মোজেযা ! এরই মাঝে<br>ভাষা-কলার বাদশা তুমি। | فِي الْجَاهِلِيَّةِ وَالتَّأْدِيبِ فِي الْيُتُمِ |

## অধ্যায়-৯

| | |
|---|---|
| 1. খাদামতুহু বি মাদি ইয়া হি আছ্তাকিলু বিহি<br>পেয়ারা নবীর পাক কদমে<br>পেশ করিলাম এ নয়রানা | خَدَمْتُهُ بِمَدِيحٍ أَسْتَقِيلُ بِهِ |
| 2. জুনুবা উমুরিম্ মাদা ইয়া ফিশ্শা'রি ওয়াল খিদামি<br>এই ওছিলায় গুনা খাতা<br>মাফ করো মোর হে রাব্বানা। | ذُنُوبَ عُمْرٍ مَّضَى فِي الشِّعْرِ وَالْخِدَمِ |
| 3. ইজ্ কাল্লাদানি মা তুখ্শা ইয়া আওয়া কিবুহু<br>কুরবানির ওই পশুর মতো<br>গলায় রশি জবাই মাঠে | إِذْ قَلَّدَانِيَ مَا تُخْشَى عَوَاقِبُهُ |
| 4. কা আন্নানি ইয়া বিহিমা হাদ্ইয়ুম মিনান্ নাআমি<br>চলছি তবু উদাস বেভুল<br>রইছি মজে বিশ্ব-হাটে। | كَأَنَّنِي بِهِمَا هَدْيٌ مِّنَ النَّعَمِ |
| 5. আতা'তু গাইইয়াছ্ ছাবা ফিল্ হালাতাইনি ওয়ামা<br>মত্ত রলাম কাব্য কলায়<br>সমাজ সেবার হট্টগোলে | أَطَعْتُ غَيَّ الصِّبَا فِي الْحَالَتَيْنِ وَمَا |
| 6. হাছালতু ইল্লা আলাল আছামি ওয়ান্ নাদামি<br>পাপের বোঝায় ন্যুব্জ এখন<br>অনুতাপে মরছি জ্বলে। | حَصَلْتُ إِلَّا عَلَى الْآثَامِ وَالنَّدَمِ |
| 7. ফা ইয়াখাছারাতা নাফছিইয়া ফি তিজারাতিহা<br>কতোই ক্ষতি হলো রে-মন<br>দুনিয়াদারির মোহে পড়ি | فَيَا خَسَارَةَ نَفْسِي فِي تِجَارَتِهَا |
| 8. লাম তাশ্তারিদ্দিনা বিদ্দুনিয়া ওয়ালাম তাছুমি<br>দুনিয়া বেচে কিনলে না দ্বীন<br>করলেও না দরাদরি। | لَمْ تَشْتَرِ الدِّينَ بِالدُّنْيَا وَلَمْ تَسُمِ |
| 9. ওয়া মাই ইয়া বি' আজিলাম্ মিন্হু বি আজিলিহি<br>ইহকালের লাভের আশায়<br>বেচে যে সুখ পরকালের | وَمَنْ يَّبِعْ آجِلاً مِّنْهُ بِعَاجِلِهِ |
| 10. ইয়া বিল্লাহুল গাব্নু ফি বাইইউ ওয়া ফি | يَبِنْ لَهُ الْغَبْنُ فِي بَيْعٍ وَّفِي سَلَمِ |

| | |
|---|---|
| ছালামি<br>ভাগ্যে তাহার আছে কেবল·<br>দহন জ্বালা পরিতাপের। | |
| 11. ইন্ আতি জানবান ফামা আহদিইয়া বিমুন তাকিদিন<br>পাপ করেছি ঢের যদিও<br>তবু আশা এ বুক জুড়ে | إِنْ آتِ ذَنْبًا فَمَا عَهْدِي بِمُنْتَقِضٍ |
| 12. মিনান্ নাবিইয়ি ওয়ালা হাব্লি বি মুন্ছারিমি<br>দিবেন নাকো দয়াল নবী<br>বাঁধন ছিঁড়ে তাড়িয়ে দূরে। | مِنَ النَّبِيِّ وَلَا حَبْلِي بِمُنْصَرِمِ |
| 13. ফা ইন্নালি জিম্মাতাম মিনহু বি তাছ্মিয়াতি<br>নামটি আমার নবীর নামে<br>'মুহম্মদ'ই রাখার ফলে | فَإِنَّ لِي ذِمَّةً مِنْهُ بِتَسْمِيَتِي |
| 14. মুহাম্মাদাও ওয়াহ ওয়া আওফা'ল খাল'কি বিজ্জিমামি<br>শাফায়াতের ভরসা তাঁহার<br>রাখছি পুষে বুকের তলে। | مُحَمَّدًا وَهُوَ أَوْفَى الْخَلْقِ بِالذِّمَمِ |
| 15. ইল্লাম্ ইয়াকুন ফি মাআ দি আখিজান বিইয়াদিয়ি<br>দয়াল নবীর পাক শাফায়াত<br>সেদিন যদি না পাই আহা! | إِنْ لَمْ يَكُنْ فِي مَعَادِي آخِذًا بِيَدِي |
| 16. ফাদলাও ওয়া ইল্লা ফাকুল ইয়া জাল্লাতাল কাদামি<br>ধ্বংস ছাড়া ভাগ্যে তবে<br>থাকবে না আর কোনই রাহা। | فَضْلًا وَإِلَّا فَقُلْ يَا زَلَّةَ الْقَدَمِ |
| 17. হাশাহু আই ইউহ্'রা মাররাজি মাকারিমাহু<br>তাঁর সমীপে মদদ মেগে<br>হয়নি তো কেউ ব্যর্থ কখন | حَاشَاهُ أَنْ يُحْرَمَ الرَّاجِي مَكَارِمَهُ |
| 18. আও ইয়ারজি আল্জারু মিনহু গায়রা মুহ'তারামি<br>হয়নি বিফল শরণ যেচে<br>লভেছে তাঁর অভয় শরণ। | أَوْ يَرْجِعَ الْجَارُ مِنْهُ غَيْرَ مُحْتَرَمِ |
| 19. ওয়া মুন্জু আলজামতু আফ্কারি মাদায়িহাহু<br>ভাবছি মনে তাঁর তারিফের<br>কাব্য–কুসুম মাল্য গাঁথি | وَمُنْذُ أَلْزَمْتُ أَفْكَارِي مَدَائِحَهُ |

| | |
|---|---|
| 20. ওয়া জাত্তুহু লি খালাছি খায়রা মুল্তাজিমি<br>এই হবে মোর রোজ হাশরে<br>বিপদকালের শ্রেষ্ঠ সাথী। | وَجَدْتُّهُ لِخَلَاصِي خَيْرَ مُلْتَزِمِ |
| 21. ওয়া লাই ইয়াফু তাল্ গিনা মিনহু ইয়াদান তারিবাত্<br>দান যেন তাঁর সিন্ধু বারি<br>কেউ ফেরে না রিক্তহাতে | وَلَنْ يَّفُوتَ الْغِنٰى مِنْهُ يَدًا تَرِبَتْ |
| 22. ইন্নাল হা ইয়া ইয়ুনবিতুল আজ্হারা ফিল্ আকামি<br>বাদল যথা ফলায় ফসল<br>নিম্ন ভূমে—ফুল টিলাতে। | إِنَّ الْحَيَا يُنْبِتُ الْأَزْهَارَ فِي الْأَكَمِ |
| 23. ওয়ালাম উরিদ জাহ্রাতাদ্দুন-ইয়াল্লাতিক তাতাফাত্<br>সুনাম খ্যাতি পার্থিব লোভ<br>এই কাসীদার নেই যে আমার | وَلَمْ أُرِدْ زَهْرَةَ الدُّنْيَا الَّتِي اقْتَطَفَتْ |
| 24. ইয়াদা জুহায়রিম্ বিমা আছ্না আলা হারামি<br>ছিলো যেমন আরব কবি<br>জোহায়েরের কাব্য গাথার। | يَدَا زُهَيْرٍ بِمَا أَثْنٰى عَلٰى هَرَمِ |

## অধ্যায়-১০

| | |
|---|---|
| 1. ইয়া আক্‌রামাল খাল্‌কি মালি মান আউজুবিহি<br>তুমি ছাড়া প্রিয় রাসূল<br>নেই কেহ আর এ সংসারে | يَا أَكْرَمَ الْخَلْقِ مَا لِي مَنْ أَلُوذُ بِهِ |
| 2. ছি ওয়াকা ইন্‌দা হুলুলিল্ হাদিছাল্ আমামি<br>কঠোর কঠিন বিপদকালে<br>শরণ নেবো যাহার দ্বারে। | سِوَاكَ عِنْدَ حُلُولِ الْحَادِثِ الْعَمَمِ |
| 3. ওয়া লাই ইয়াদিকা রাছুলাল্লাহি জাহুকা বি<br>শেষ বিচারে মোর সুপারিশ<br>করলে তুমি—মহামতি | وَلَنْ يَضِيقَ رَسُولَ اللهِ جَاهُكَ بِي |
| 4. ইজাল্ কারিমু তাহাল্লা বি ইছমিম মুন্‌তাকিমি<br>তোমার মহা উচ্চ শানের<br>হবে না তায় কোনোই ক্ষতি। | إِذَا الْكَرِيمُ تَحَلَّى بِاسْمِ مُنْتَقِمِ |
| 5. ফা ইন্না মিন জুদিকাদ্দুনিয়া ওয়া দাররাতাহা<br>কেননা যে দুই জাহানই<br>ফসল তোমার মহাদানের | فَإِنَّ مِنْ جُودِكَ الدُّنْيَا وَضَرَّتَهَا |
| 6. ওয়া মিন উলুমিকা ইল্‌মুল লাওহি ওয়াল কালামি<br>'লওহ' 'কলম' জ্ঞান পেলো তো<br>অংশ থেকে তোমার জ্ঞানের। | وَمِنْ عُلُومِكَ عِلْمُ اللَّوْحِ وَالْقَلَمِ |
| 7. ইয়া নাফছু লা আতাকনাতি মিন জাল্লাতিন আজুমাত<br>প্রাণ রে! তুই নিরাশ কেনে<br>যদিও তোর পাপ বেশুমার | يَا نَفْسُ لَا تَقْنَطِي مِنْ زَلَّةٍ عَظُمَتْ |
| 8. ইন্নাল কাবাইরা ফিল্ গুফ্‌রানি কাল্লামামি<br>তার চে' বড় খোদার ক্ষমা<br>শেষ সীমানা নেই সে ক্ষমার। | إِنَّ الْكَبَائِرَ فِي الْغُفْرَانِ كَاللَّمَمِ |
| 9. লাআল্লা রাহ্‌মাতা রাব্বি হিনা ইয়াকছিমুহা<br>এই তো আশা—হবে বিশাল<br>যার যতোই বোঝা পাপের | لَعَلَّ رَحْمَةَ رَبِّي حِينَ يَقْسِمُهَا |
| 10. তা'তি আলা হাছাবিল ইছ্ ইয়ানি ফিল্ কিছামি<br>হিস্যা পাবে সে ততোই<br>তোমার অসীম রহমাতের। | تَأْتِي عَلَى حَسَبِ الْعِصْيَانِ فِي الْقِسَمِ |

| | |
|---|---|
| 11. ইয়া রাব্বি ওয়াজ্‌আল রাজাই গায়রা মুন্‌ আকিছিন<br>হাজির তোমার দরবারে রব<br>অনেক আশা আরজু নিয়া | يَا رَبِّ وَاجْعَلْ رَجَائِي غَيْرَ مُنْعَكِسٍ |
| 12. লাদাইকা ওয়াজ্‌ আল হিছাবি গায়রা মুন্‌খারিমি<br>কোরো না কো নিরাশ আমায়<br>দিও না কো ভেঙে হিয়া। | لَدَيْكَ وَاجْعَلْ حِسَابِي غَيْرَ مُنْخَرِمِ |
| 13. ওয়া আলতুফ্‌ বি আব্‌দিকা ফিদ্দারাইনি ইন্নালাহু<br>দুই জাহানে এ দুর্বলে<br>ঢালো আশীষ প্রেম করুণার | وَالْطُفْ بِعَبْدِكَ فِي الدَّارَيْنِ إِنَّ لَهُ |
| 14. ছাব্‌রাম মাতা–ইয়া তাদ–উহুল আহ্‌ওয়ালু ইয়ান হাজিমি<br>নয়তো বিভু হারিয়ে যাবে<br>ঘোর বিপদে ধৈর্য তাহার। | صَبْرًا مَتَى تَدْعُهُ الْأَهْوَالُ يَنْهَزِمِ |
| 15. ওয়া' জাল্লি ছুহ্‌বি ছালাতিম্ম মিন্‌কা দা–ইমাতান<br>দরূদ পাকের মেঘমালাকে<br>দাও গো হুকুম হে 'জুলজালাল' | وَائْذَنْ لِسُحْبِ صَلَاةٍ مِنْكَ دَائِمَةً |
| 16. আলান্নাবিই বিমুনহাল্লিও ওয়া মুন্‌ছাজিমি<br>নবীর পরে বিপুল ধারে<br>বর্ষে যেন অনন্তকাল। | عَلَى النَّبِيِّ بِمُنْهَلٍّ وَمُنْسَجِمِ |
| 17. মা রান্নাহাত্‌ আজাবাতিল বানি রিহুছাবা<br>প্রভাত সমীর 'বান' বিটপীর<br>দুলিয়ে যাবে শাখ যতোকাল<br>যতো দিনই হুদী গেয়ে<br>উট চালাবে উটের রাখাল | مَا رَنَّحَتْ عَذَبَاتِ الْبَانِ رِيحُ صَبَا |
| 18. ওয়া আত্‌রাবাল্‌ ইছা হাদি ইল ইছি বিন্‌নাগামি<br>ততো দিনই প্রিয়নবী<br>আর যতো তাঁর সংগী সাথী<br>সবার ওপর ঝরাও তোমার<br>আশীষ বারি দিন ও রাতি। | وَأَطْرَبَ الْعِيسَ حَادِي الْعِيسِ بِالنَّغَمِ |
| 19. ছুম্মার রিদা আন আবি বাকারিও ওয়া আন্‌ উমারা | ثُمَّ الرِّضَا عَنْ أَبِي بَكْرٍ وَعَنْ عُمَرَ |

| | |
|---|---|
| আবূ বকর ওমর আলী<br>ওসমান—এ চার খলিফায় | |
| 20. ওয়া আন আলিইয়্যি ওয়া আন্ উছ্মানা জিল্ কারামি<br>অনন্তকাল সিক্ত করে<br>রেখো তোমার আশীষ ধারায়। | وَعَنْ عَلِيٍّ وَّعَنْ عُثْمَانَ ذِي الْكَرَمِ |
| 21. ওয়ালা লি ওয়াছ্ ছাহ্বি ছুম্মাত্তা'বিইনা ফাহুম<br>আল আসহাব তাবেয়ীনের<br>ওপর ঝরাও শান্তিধারা | وَالْآلِ وَالصَّحْبِ ثُمَّ التَّابِعِينَ فَهُمْ |
| 22. আহ্লাত্ তুকা ওয়ান্নুকা ওয়াল হিল্মি ওয়াল কারামি<br>পরহেজগারী পবিত্রতা<br>সর্বগুণে ধন্য যারা। | أَهْلَ التُّقَى وَالنُّقَى وَالْحِلْمِ وَالْكَرَمِ |
| 23. ফাগফির্ লিনা শিদিহা ওয়াগফির লি কারিইহা<br>দয়াল ওগো ! রচক পাঠক<br>শ্রোতা যারা এই কাসীদার | فَاغْفِرْ لِنَاشِدِهَا وَاغْفِرْ لِقَارِئِهَا |
| 24. ছাআল তুকাল খায়রা ইয়া জাল জুদি ওয়াল কারামি<br>তাদের পরেও ঝরাও তোমার<br>আশীষ ধারা প্রেম করুণার। | سَأَلْتُكَ الْخَيْرَ يَا ذَا الْجُودِ وَالْكَرَمِ |
| 25. মওলা ইয়া ছাল্লি ওয়া ছাল্লিম দায়িমান আবাদান<br>সৃষ্টিকুলের শ্রেষ্ঠতম<br>তোমার প্রিয় সখার পরে | مَوْلَايَ صَلِّ وَسَلِّمْ دَائِمًا أَبَدًا |
| 26. আলা হাবিবিকা খায়রাল খালকি কুল্লিহিমি<br>সালাত সালাম পাঠাও গো রব<br>যুগ থেকে যুগ যুগান্তরে। | عَلَى حَبِيبِكَ خَيْرِ الْخَلْقِ كُلِّهِمِ |